খবরের ঘণ্টা
শুধুই ইতিবাচক ভাবনা

চিকিৎসক দিবস

- চিকিৎসা এবং ডক্টর শব্দের অর্থ কি
- ডাঃ বিধান চন্দ্র রায় ঃ অসাধারণ ব্যক্তিত্ব
- মায়োপিয়া নিয়ন্ত্রণের পাঁচটি উপায়
- আমিষ, নিরামিষ চোর্ব্য ও চোষ্য

With best compliments from :

SACHITRA GROUP OF COMPANIES

MANUFACTURING :

- TARAI FOUNDRY WORKS PVT.LTD
  M.S. STRUCTURALS & WIRE NAILS
- SACHITRA ROLLING MILLS PVT.LTD.
  M.S. ROD M.S. FLATS &
  TORKARY BAR

MANUFACTURING :

- SACHITRA STEEL INDUSTRIES (P) LTD
  GREEN TEA FACTORY
- CHOUDHURY TRADE & INDUSTRIES
  HB WIRE, BLACK WIRE, WIRE NAILS
- SACHITRA FOUNDRY & WIRE INDUSTRIES
  C.I. CASTING

AGRICULTURE :

- BASANTA AGRICO-
  PLANTATION PVT.LTD.

RETAIL :

- PAUL AUTOMOBILES
- M&C IRON STORES
- VIBGYOR ENTERPRISE

SILIGURI INDUSTRIAL ESTATE

SEVOKE ROAD,SILIGURI - 734001

74777 17100,01,02,03, 04,05,06,09, E-mail : mcislg2009@gmail.com

Thalamus
Institute of Medical Sciences
MULTI SPECIALITY HOSPITAL
in Fulbari, Siliguri
An initiative by
Dr. Malay Chakraborty
MBBS, MS(Surgery), MCh(Neurosurgery), FNS(England)
Chairman and Senior Consultant Neurosurgeon
CENTRE OF SUPER SPECIALITIES & SERVICES
Neurosurgery (Brain & Spine)
Neurology
Neuropsychiatry
Cardiology
Dialysis & Nephrology
General Medicine
Pulmonology
Urology
Surgical Gastroenterology
Plastic Surgery
Orthopaedics & Joint Replacement
General & Laparoscopic Surgery
Dermatology
ENT, Head & Neck Surgery
Interventional Radiology
Oral & Maxillo-Facial Surgery
Anesthesia & Critical Care Medicine
Emergency Medicine
24x7 Emergency & Trauma Care
24x7 MRI/MRA/MRCP
24x7 CT Scan (128 Slice)/ X-Ray
24x7 Laboratory
ECG/Echocardiography
Holter Monitoring
Hemodialysis Unit
High End Cath-Lab
Angiography/Angioplasty/DSA
NCS/EMG/EEG
High Dependency & Recovery Unit
Day Care
ADVANCE TECHNOLOGIES
LATEST GENERATION NEURO & CARDIAC CATH LAB
PHILIPS AZURION 7C20
ROBOTIC VISUALIZATION SYSTEM (MICROSCOPE)
ZEISS KINEVO 900
PHILIPS ACHIEVA 1.5 TESLA (MRI)
WITH MULTI TRANSMIT TECHNOLOGY
COMPUTER NAVIGATED CRANIAL NAVIGATION
MEDTRONIC STEALTH STATION S8
128 SLICE PHILIPS INCISIVE CT
CAVITRON ULTRASONIC SURGICAL ASPIRATOR
(CUSA)
Battalion More, Fulbari, Siliguri - 734015
For appointments or enquiries, please call
03561-354100 | 9046005614

TERAI NURSING
INSTITUTE
TERAI NURSING INSTITUTE
APPROVED BY WBNC & INC
"কন্যাশ্রী" ছাত্রীদের
STUDENT CREDIT
CARD মাধ্যমে GNM
NURSING COURSE
এ ভর্তি করান এবং নারী
শিক্ষার বিস্তার ও নারী
ক্ষমতায়ন এ একটি বলিস্ট
পদক্ষেপ গ্রহন করুন
Free Addmission in
Nursing GNM Course
Contact us for more information
99331-76656
www.terainursing.com

MAHARAJA AGRASEN HOSPITAL
MULTI SPECIALITY HOSPITAL

MAHARAJA AGRASEN RESEARCH & SERVICE FOUNDATION

PATIENT SAFETY & QUALITY OF CARE
NABH
CERTIFIED

MAHARAJA AGRASEN HOSPITAL

Multispeciality Hospital

Fulbari, Siliguri, Dist.: Jalpaiguri, West Bengal -734015

OUR CORE SPECIALITY

- CARDIOLOGY
- NEUROSURGERY
- UROLOGY & URO SURGERY
- GASTROENTEROLOGY (MEDICAL)
- SURGICAL GASTROENTEROLOGY
- NEPHROLOGY
- PLASTIC SURGERY
- INTERVENTIONAL RADIOLOGY
- GENERAL MEDICINE
- EMERGENCY MEDICINE
- RESPIRATORY MEDICINE
- GENERAL & LAPAROSCOPIC SURGERY
- ORTHOPAEDICS & JOINT REPLACEMENT
- OBSTETRICS & GYNECOLOGY
- PAEDIATRICS & NEONATOLOGY
- ENT (OTORHINOLARYNGOLOGY)
- DERMATOLOGY
- PSYCHIATRY
- DENTAL
- CRITICAL CARE
- RADIOLOGY
- PATHOLOGY

FACILITY AVAILABLE

RADIOLOGY
24X7 CT SCAN
24X7 DIGITAL X-RAY
MRI
USG
COLOR DOPLER

INTERVENTIONAL RADIOLOGY
VARICOSE VEIN LASER
ABLATION
ANGIOEMBOLIZATION
VENOPLASTY
PCN WITH STENTING
STROKE MANAGEMENT

LBORATORY
HAEMATOLOGY
BIOCHEMISTRY
SEROLOGY
IMMUNOASSAY
CLINICAL PATHOLOGY
FNAC/BIOPSY
MICROBIOLOGY

CARDIOLOGY
ECG
TMT/STRESS ECHO
ECHOCARDIOGRAPHY
HOLTER MONITORING
PULMONARY FUNCTION
TEST (PFT)

GASTROENTROLOGY
ENDOSCOPY
COLONOSCOPY
EVL
EST
FIBROSCAN OF LIVER
HYDROGEN BREATH
TEST

DIALYSIS
HEAMO DIALYSIS
SLED
HDF DIALYSIS
CRRT DIALYSIS

SURGICAL GASTROENTROLOGY
GASTROINTESTINAL
CANCER SURGERY
HEPATOBILIARY
SURGERY
PANCREAS SURGERY
COLORECTAL SURGERY
ADVANCE
LAPAROSCOPIC
SURGERY

UROLOGY
UROFLOWMETRY

"Medicines cure diseases,
but only doctors can cure patients"

Thanks for turning possibilities into miracles

Happy Doctor's Day

24X7 Emergency Services **1800-212-111222, +91 98005 85000**

THE HIMALAYAN EYE INSTITUTE
Restoring Sight, Reviving Lives
PATIENT SAFETY & QUALITY OF CARE
NABH
CERTIFIED
NABH Certified
Entry Level SHCO
MAKING SURE YOUR EYES ARE IN SAFE HANDS
NORTH BENGAL'S LARGEST PRIVATE EYE HOSPITAL
FOR ONLINE APPOINTMENT
SCAN QR CODE
Jhankar More, Burdwan Road, Siliguri-734005, W.B.
Phone : 0353-2502500, 2502501, 2502502, 2502505
Mobile : 8900799992, 6297948854, 9002206001
thehimalayaneyeinstitute@gmail.com
Follow us on
Online Appointment :
https://appointment.himalayaneyeinstitute.com/
ALL TYPES OF EYE CARE SERVICES AVAILABLE
Cataract I Vitreo-retina I Refractive Surgery I Child Eye Care
Glaucoma I Oculoplasty I Diagnostic I Optical I Squint I Contact Lens
Myopia Clinic I Pharmacy I Lab I Low Vision Aids I Ocular Prosthesis
Bringing the world's best technology & treatment facilities
Constellation
3D OCT
Visu Cam 500 (FFA)
Auto Refractor
Yag laser
Specular Microscope
HFA
Centurion Phaco
PENTACAM
OPTICAL BIOMETER

DOCTOR'S ZONE ®
COACHING
(RESIDENTIAL)
NEET(UG) 2025 MBBS SELECTED STUDENTS & MORE...
ADMISSION OPEN NEET/IIT-JEE
7047690826 / 9775872883
Center. Siliguri / Thakurganj

NEW RAMKRISHNA SEVA SADAN

A MULTI SPECIALITY NURSING HOME

DR. G. B. DAS, MD
SENIOR CONSULTANT GYNAECOLOGIST

DR. VINAYAK DAS, MS
LAPAROSCOPIC SURGEON & FETAL MEDICINE SPECIALIST

Prof. BENU GOPAL DAS
MS (ORTHO)
ORTHOPAEDIC SURGEON & TRAUMATOLOGIST
PROFESSOR, Dept. of Orthopaedics, MGM Medical College, Kishanganj
SILIGURI SCAN CENTRE 3, Rash Behari Sarani, Tel : 0353-2430689

SENIOR CONSULTANT

Dr. H. N. AGARWALA, MD, SENIOR CONSULTANT GYNAECOLOGIST
Dr. P. B. ROY, MBBS, TRAINED IN LAPAROSCOPIC SURGERY
PROF. DR. HAFIZUR RAHMAN, DNB, DGO, FICOG

CONSULTANT GYNAECOLOGIST ATTENDING THIS NURSING HOME

Dr. SAILESH ROY, MS
Senior Gynaecologist
Laparoscopic & Onco Surgeon
Dr. Suparna Roy, MD
Dr. Vineeta Gupta, MD
Dr. Mallika Mukherjee, DGO
Dr. J. K. Jha, DGO, Senior Gynaecologist

NEONATOLOGISTS & PAEDIATRICIANS

Dr. SANJAY CHOWDHURY, MD
Dr. GOPAL KHEMKA, MD
Dr. NABIN BISWAS, DNB
Dr. ARKYA SAHA, MD

LAPAROSCOPIC SURGEONS

Dr. SAILAJA GUPTA, MS
Dr. RAJARSHI GUHA, MS

EMERGENCY & BOOKING

RECEPTION NO.
+91 97332-77777
+91 80160-84200
TOLL-FREE NO.
1800-1200-00-123

AMMONIOCENTESIS - FOR DETECTION OF ABNORMALITY OF FOETUS BY
Dr. VINAYAK DAS

OUR SERVICES :

- Gynaecology
- Delivery
- General Surgery
- Laparoscopy Surgery
- Orthopaedic
- Advance Neonatal Care
- Level III NICU
- Pediatric
- High-tech USG
- Fetal Medicine
- Genetic Testing
- Pathological Laboratory
- Pharmacy
- Newborn & Child Vaccination

OPD WILL BE CLOSED ON THURSDAY & SUNDAY
FOR AMBULANCE CONTACT-Mr. ASIT, M : 9832035221

RAMKRISHNA IVF CENTRE

(A Unit of True Value Fertility Care Pvt. Ltd.)
Nazrul Sarani, Pakurtala More, Ashrampara, Siliguri | Contact No. 74073 24618

DR. RITUPARNA DAS M.D.

INFERTILITY SPECIALIST

Facilities Available :

IVF | IUI | OVUM DONATION | EGG SHARING | EMBRYO DONATION
ICSI | TESA | PESA | SURROGACY | SEMEN BANK | EMBRYO FREEZING
SEMEN ANALYSIS | ULTRASONOGRAPHY FOR IVF, IUI

PLEASE FEEL FREE TO CONTACT FOR ANY QUERY
RECEPTION : 80160 84200, 97332 77777, TOLL FREE NO. 1800120000123
NAZRUL SARANI, PAKURTALA MORE, ASHRAM PARA, SILIGURI
email : ramkrishnanurshinghome@yahoo.in/ drgbdas_rknh@yahoo.co.in | website : www.nrkss.com

খবরের ঘন্টা

RNI NO WBBEN/2015/69355
Monthly Magazine
Vol. IX Issue-1
1st July-31st July 2025 DOCTORS DAY
নবম বর্ষ-সংখ্যা-১ চিকিৎসক দিবস, ১৬ই আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ
জুলাই ২০২৫ চিকিৎসক দিবস

উপদেষ্টামণ্ডলী ঃ জ্যোৎস্না আগরওয়ালা (পরিবেশবিদ ও সমাজসেবী), ডাঃ শীর্ষেন্দু পাল গৌরীশঙ্কর ভট্টাচার্য (লেখক), গৌতমবুদ্ধ রায়, মনা পাল (শিল্পোদ্যোগী), তরুন মাইতি (সমাজকর্মী), রাজ বসু (ভ্রমণ গবেষক), দীপজ্যোতি চক্রবর্তী (পরিবেশবিদ), সোমনাথ চট্টোপাধ্যায় (সমাজকর্মী), ডাঃ জি বি দাস (স্ত্রী রোগ বিশেষজ্ঞ), নির্মল কুমার পাল (সাধারণ সম্পাদক, হায়দরপাড়া স্পোর্টিং ক্লাব), সনৎ ভৌমিক (সমাজসেবী ও ব্যবসায়ী), সামসুল আলম (শিক্ষক), বিপ্লব সেনগুপ্ত (অবসরপ্রাপ্ত শিক্ষক এবং আইনজীবী), সাজু তালুকদার (সমাজসেবী, বীরপাড়া), নির্মলেন্দু দাস (কবি ও বিজ্ঞানী), ভাস্কর বিশ্বাস(সিভিল ইঞ্জিনীয়ার), অশোক রায় (পন্ডিচেরী), শিবেশ ভৌমিক (সমাজসেবী ও ব্যবসায়ী, বিধাননগর, শিলিগুড়ি), পুস্পজিৎ সরকার(শিক্ষক), ডঃ রঘুনাথ ঘোষ (অধ্যাপক, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়), অনিন্দিতা চ্যাটার্জী (আনন্দধারা সঙ্গীত একাডেমি, সঙ্গীত শিল্পী), সোনালি সামন্ত (রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত নার্স, বানারহাট) , ডঃ রতন বিশ্বাস (বিশিষ্ট লেখক ও সাহিত্যিক), ডঃ গৌরমোহন রায় (বিশিষ্ট লেখক ও সাহিত্যিক), পদ্মশ্রী ধনীরাম টোটো, বীরেন চন্দ (সম্পাদক, উত্তরধ্বনি পত্রিকা), নীতিশ বসু (চেয়ারম্যান, পূর্ণিমা বসু মেমোরিয়াল ট্রাস্ট), কমলেশ গুহ (সমাজসেবী, দ্য হিমালয়ান আই ইন্সটিটিউট), নন্দিতা ভৌমিক (বাচিক শিল্পী), সোমা দাস (শিক্ষিকা), পাপ্পালি চক্রবর্তী (সঙ্গীত শিল্পী), প্রিসকিল্লা ইলোরা লাকড়া (সমাজসেবী, শিলিগুড়ি), ডঃ বিমল চন্দ

দাম ঃ ২০ টাকা

Editor : Bapi Ghosh
Sub Editor : Arpita Dey Sarkar
Cover : Ayush Chakraborty
Laser Typing : Bapi Ghosh

Owner Bapi Ghosh, Printer Bapi Ghosh, Publisher Bapi Ghosh, Published from Matrivilla, Arabindapally Siliguri & Printed from Media Zone, Hakimpara (Ashrampara), Siliguri, Editor Bapi Ghosh

সম্পাদক ঃ বাপি ঘোষ। স্বত্তাধিকারী ঃ বাপি ঘোষ কর্তৃক মাতৃ ভিলা, অরবিন্দ পল্লী, শিলিগুড়ি থেকে প্রকাশিত এবং মিডিয়া জোন, হাকিমপাড়া, শিলিগুড়ি থেকে মুদ্রিত।

KHABARER GHANTA
Aurobinda Pally, Siliguri
e-mail : bapighosh300@gmail.com
Mobile : 98320-64424, 96418-59567 (Whatsapp)

এই পত্রিকায় প্রকাশিত যাবতীয় বিজ্ঞাপনের দায়িত্ব সংশ্লিষ্ট বিজ্ঞাপনদাতার, দায়িত্ব পত্রিকার নয়। পত্রিকার লেখকদের মতামত নিজস্ব
সম্পাদক ঃ খবরের ঘন্টা।

সূচীপত্র—

কাঁচা হাতের লেখায় জীবনের পাকা কথা.........মুসাফীর...............০৪

সকলকে চিকিৎসক দিবসের শুভেচ্ছা..পুষ্পজিৎ সরকার............০৫

কেন এই চিকিৎসক দিবস.....ডাঃ বিনয় সরকার.........................০৬

চিকিৎসা এবং ডক্তর শব্দের অর্থ কি...ডাঃ সত্যজিৎ সরকার........০৭

ডাঃ বিধান চন্দ্র রায় ঃ অসাধারণ ব্যক্তিত্ব...বিপ্লব চক্রবর্তী...........০৯

ডাঃ বিধান চন্দ্র রায়ের পরবর্তী ভারতবর্ষের ১০জন আদর্শ চিকিৎসক...১১

শ্রদ্ধাঞ্জলি ঃ প্রয়াত ডাক্তার পি. আর. সেন..................................১২

আমিষ, নিরামিষ চোর্ব্য ও চোষ্য........কবিতা বণিক......................১৫

শ্রদ্ধাঞ্জলি..............অসমঞ্জ সরকার..১৭

রথযাত্রা মানে আত্মশুদ্ধির পরম অনুশীলন..স্বামী ভক্তিনিলয় জনার্দন মহারাজ..২০

চিকিৎসক দিবসে শুভেচ্ছা..............ডাঃ সুশান্ত ঘোষ................২০

তবুও কিছুই হারিয়ে যায়নি..............অশোক রায়.......................২১

ডাক্তার বিধান চন্দ্র রায়ের দশটি অনুপ্রেরনামূলক বাণী.................২২

ঃঃ বিশেষ রচনা ঃঃ

মায়োপিয়া নিয়ন্ত্রণের পাঁচটি উপায়...১৮

ঃঃ কবিতা ঃঃ

সেবার দেবদূত...২১

চিকিৎসক চাই !..................................অশোক পাল....................৩৬

খবরের ঘন্টা এখন শুধু প্রিন্ট মিডিয়াতেই নেই, খবরের ঘন্টা রয়েছে বিভিন্ন সোস্যাল মিডিয়াতেও।

You Tube Link :
https://youtube.com/@KHABARERGHANTA
Facebook Page Link :
https://www.facebook.com/slgkg/
Google Web Portal :
www.khabarerghanta.in

ঃঃ প্রতিবেদন ঃঃ

আর্থিক দিক থেকে অনগ্রসরদের জন্য বিনামূল্যে কিডনি ডায়ালাইসিস শিলিগুড়িতে..২২

জাতিধর্ম নির্বিশেষে বহু সাধারণ মানুষের কাছে এই হাসপাতালএখন হৃদয়ের হাসপাতাল..২৩

শিলিগুড়িতে মস্তিষ্ক চিকিৎসায় বিপ্লবাত্মক নাম ডাঃ মলয় চক্রবর্তী..২৫

ডাক্তার না হয়েই শৈশব জীবনেই ডাক্তারির রিহার্সাল শুরু করেছিলেন এই চিকিৎসক..২৬

এই চক্ষু চিকিৎসা কেন্দ্রে কেন দলে দলে মানুষ ভিড় করছেন.......২৬

ডাক্তার ইজাহার গড়ছেন মানবিক চিকিৎসক............................২৭

ডক্টর্স জোনে তৈরী হচ্ছে আগামী দিনের মানবসেবী ডাক্তার.......২৮

মোবাইলের অতিরিক্ত ব্যবহার আমাদের জীবনে অন্ধকার ডেকে এনেছে..২৯

শিলিগুড়িতে চিকিৎসা বিপ্লবের গুরুত্বপূর্ণ নায়ক.........................৩০

শিলিগুড়িতে নাইরোবি ফ্লাইয়ের হানা, কি বলছেন চক্ষু বিশেষজ্ঞ..৩০

চিকিৎসা শুধু পেশা নয়, এক সামাজিক দায়িত্ব-শিলিগুড়ির ডাঃ আশুতোষ ঘোষের মানবিক উদ্যোগ..৩১

চোখে আলো, প্রাণে আশা-শিলিগুড়ি—করতোয়া-কোচবিহার লায়ন্স ক্লাবের চোখ ও রক্তসেবায় অভিনব দৃষ্টান্ত.................................৩১

শেষ শ্বাস নয়, নতুন শুরু-আপনার চোখে ফুটুক অন্যের জীবনের আলো..৩২

চিকিৎসক দিবসের আগে ডাঃ পার্থপ্রতিমকে সংবর্ধনা................৩৩

ওষুধের দোকান থেকে মানুষের হৃদয়ে সমাজসেবায় এক জীবন লায়ন সুরেশ সিনহলের..৩৩

জগন্নাথ দেবের পেটের যত্নে নিমপাতা! শিলিগুড়ি ইসকনের রথযাত্রায় ঐতিহ্য ও ভক্তির ছোঁয়া..৩৪

৭৩ বছর বয়সেও রাতভর রোগী দেখেন তিনি, হাজারো মায়ের আস্থার নাম ডাঃ জি বি দাস..৩৫

রথযাত্রা উপলক্ষ্যে শিলিগুড়ি শক্তিগড় কেশব গোস্বামী মঠে ভক্তিমূলক কর্মসূচি..৩৬

অমৃত—কথা

"একজন প্রকৃত চিকিৎসক রোগের নয়, রোগীর চিকিৎসা করেন।"

"মানবসেবা করতে চাইলে প্রথমে মানুষকে ভালোবাসতে শিখো।"

- ডাঃ বিধানচন্দ্র রায়

সম্পাদকীয়

চিকিৎসক দিবস ঃ মানবসেবায় নিঃস্বার্থ আত্মনিবেদন

পয়লা জুলাই চিকিৎসক দিবস। এই দিনে আমরা কৃতজ্ঞচিত্তে স্মরণ করি সেইসব চিকিৎসকদের,যাঁরা শুধু পেশাদার নন, মানবসেবায় নিবেদিত এক একজন পরম বন্ধু, এক একজন জীবনযোদ্ধা। এই দিনটি চিহ্নিত হয়েছে মহান চিকিৎসক ও স্বাধীনতা সংগ্রামী ডাক্তার বিধান চন্দ্র রায় এর জন্ম ও মৃত্যুদিন হিসেবে। তাঁর আদর্শ, মানবপ্রেম এবং নিঃস্বার্থ সেবার চেতনা আজও চিকিৎসাজগতের আলোকবর্তিকা হয়ে আছে। খবরের ঘন্টা বরাবরই ইতিবাচক ভাবনার পক্ষে কাজ করে এসেছে। কারণ আমরা বিশ্বাস করি-- ইতিবাচক ভাবনার অনুশীলনই সুস্থ জীবনের ভিত্তি। বিজ্ঞান বলছে, মন ভালো থাকলে শরীরও ভালো থাকে। আর ভালো মন গড়ে ওঠে আশাবাদ, ধৈর্য্য ও সহানুভূতির চর্চায়। চিকিৎসক দিবসে তাই আমাদের আহ্বান--শুধু শরীর নয়, মনকেও সুস্থ রাখুন। ভালো চিন্তা করুন, ভালো থাকুন। আর চিকিৎসকদের প্রতি রাখুন গভীর শ্রদ্ধা ও আস্থা, কারণ তাঁরা শুধু ওষুধ নয়, সাহচর্য, আশ্বাস এবং জীবনের আশা নিয়ে আসেন। চিকিৎসা যেন কখনোই শুধুমাত্র একটি পরিষেবা না হয়ে ওঠে -- তা যেন এক মানবিক বন্ধন হয়ে ওঠে চিকিৎসক ও রোগীর মাঝে।

সকলকে জানাই এই দিনে শুভেচ্ছা ও সুস্থ জীবনের কামনা।

A
WELL
WISHER

কাঁচা হাতের লেখায় জীবনের পাকা কথা

(দ্বিতীয় অধ্যায় --২৫)

'বেটা সাধনা তো ম্যায় সিদ্ধি প্রাপ্তিকে লিয়ে করতা হুঁ ফির কিঁউ লগে হুঁয়ে হ্যায়। ' মেরি সাধন সির্ফ উনকে সাথ জড়ে রহেনেকে লিয়ে। যবতক সাধনা হ্যায় তবতক ইয়হ শরীর চলেগি। যিসদিন সাধনা রুক যায়েগী, সাঁস ভি রুক যায়গী। শরীর পঞ্চভূত সে বনী হ্যায় ফির উসী পঞ্চভূতমে লীন হো যায়গী। গঙ্গার জলের দিকে তাকিয়ে বললেন-- যবতক ইয়হ জলকি ধারা বঁহেগি তবতক গঙ্গা রহেগি। বেটা কর্মকে লিয়ে শরীর হ্যায়, শরীরকে লিয়ে কর্ম নহি। কর্ম এক অমর মাধ্যম হ্যায়। ইয়হ কর্ম হি সারা বিশ্ব ব্রহ্মান্ডকো এক নিয়ম সে নিয়ন্ত্রিত কর রহা হ্যায়। কর্ম রুক জানে যে ইয়হ সৃষ্টি, ইয়হ ব্রহ্মান্ড লুপ্ত হো যায়গী। ' কথাগুলো কিছুদিন পূর্বে ঋষিকেশের এই গঙ্গার ধারে এক সাধু মহারাজ বলেছিলেন। ---মুসাফীর।

(গত সংখ্যার পর)

চোখ দুটি নক্ষত্রের মতো জ্বল জ্বল করছে এই বৃদ্ধ বয়েসে এমন চোখা খুব মোলায়েম স্বরে জিজ্ঞেস করলো-- বেটা কুছু খো গয়া হ্যায় ক্যায়া ? প্রশ্ন শুনে চমকে উঠলাম । খুব কষ্ট করে উত্তর দিলাম-- জী ! মাই মেরা বচপন মুঝসে খো গয়া । বুড়ি মা আমার মাথায় ও গালে হাত বুলিয়ে দিলেন ।আমার এতক্ষন ধরে বুকের মধ্যে যে কষ্টটা হচ্ছিল কমে গেলো। খুব আশ্চর্য্য হলাম, মাইজী কিন্তু আমার শরীর স্পর্শ করেননি অথচ আমি স্পষ্ট ফীল করেছি উনি আমার মাথা ও গালে হাত বুলিয়েছেন। মাইজী বললেন, তুমহারা বচপন খোয়া কঁহা, উয়হতো বেটা তুমহারী ইয়াঁদ মে বস গয়া। উস ইয়াদ নেহীতো তুমহে ইয়াহাঁ লায়া হ্যায় । ইয়হ জগহ অব তুমহারে লিয়ে ঠিক নহি হ্যায়। চলো ওয়াপস চলতে হে। মাইজি হাঁটতে আরম্ভ করলেন পাথর বাঁধানো রাস্তায় উনার লাঠির ঠক ঠক আওয়াজ শোনা গেলো। আমিও অনুসরন করলাম। এত ঘন কুয়াশা যে মাইজীকে দেখতেই পাচ্ছি না। শুধু লাঠির ঠক ঠক আওয়াজ শুনতে পাচ্ছি। মনে হলো দ্রুত পা চালিয়ে মাইজীর সঙ্গে হাঁটি, কয়েকটা কথাও জিজ্ঞেস করার ইচ্ছে ছিল। অবাক কান্ড অনেক চেষ্টা করেও মাইজীর কাছে পৌঁছাতে পারলাম না। আমার চলার গতি বাড়ালে উনার গতিও বেড়ে যাচ্ছে, কোনোভাবেই ওনার কাছে পৌঁছাতে পারলাম না। হঠাৎ লাঠির ঠকঠক শব্দ বন্ধ হয়ে গেল, আমি খুব জোরে ডাকলাম মাইজী আপ কঁহা হ্যায় ?কোন উত্তর নেই, পরক্ষনেই দেখলাম আমি বাড়ির সদর দরজার সামনে দাঁড়িয়ে রয়েছি। মনে হলো আমাকে মঙ্গলা মাসীর মাঠ থেকে উদ্ধার করার জন্যই এসেছিলেন। হাজার খুঁজলেও মাইজীর দেখা আর পাবো না। মঙ্গলা মাসীর মাঠে আমার যা অবস্থা হয়েছিলো নিজে থেকে বেরিয়ে আসা খুব কঠিন হতো ।মাইজীর উদ্দেশ্যে প্রনাম জানিয়ে বাড়িতে ঢুকলাম। কিছুই ভালো লাগছিলো না ।মনটা খুব ভারাক্রান্ত, একটু একান্তে থাকতে চাই। সোজা ছাদের বাগানে গিয়ে বসলাম।

(ক্রমশঃ)

With Best Compliments From :-
Dr. A. Ghosh
M.B.B.S
Proprietor

Cell : 9434061011
9832061055
Ph. : 0353-2691262

GHOSH NURSING HOME

Near Central Bank of India
NJP Bhakti Nagar, Ward No. 35
P.O. Bhakti Nagar, Dist. Jalpaiguri
Siliguri-734007

Facilities Available :
MEDICINE • GENERAL & LAPAROSCOPIC • SURGERY GYNAE & OBSTETRICS • PAEDIATRICS • ORTHOPEDIC • ONCHOLOGY

সকলকে চিকিৎসক দিবসের শুভেচ্ছা

পুস্পজিৎ সরকার
(সম্পাদক, তরাই এডুকেশনাল ওয়েলফেয়ার সোসাইটি)

আমাদের কাছে এখন নানারকম দিবস। তবে অবশ্যই গুরুত্ব পূর্ণ হলো চিকিৎসক দিবস। পয়লা জুলাই এই দিবস পালিত হয়। এই দিবস উপলক্ষ্যে আমরা সকল চিকিৎসককে শুভেচ্ছা জানাই। সমাজে চিকিৎসকদের অবদান কোনো অংশে কম নয়। চিকিৎসক ছাড়া এই সভ্যতা অচল। চিকিৎসা সংক্রান্ত বিষয়ের সঙ্গে আমাদেরও নিবিড় যোগাযোগ রয়েছে। আমাদের তরাই এডুকেশনাল ওয়েলফেয়ার সোসাইটি পরিচালিত তরাই বি এড কলেজ যেমন রয়েছে। তেমনই রয়েছে তরাই নার্সিং ইন্সটিটিউট। শিলিগুড়ি মহকুমার খড়িবাড়ির বুড়াগঞ্জ দুধাজোতে সেই তরাই বি এড কলেজ ও তরাই নার্সিং ইন্সটিটিউটের অবস্থান। প্রতিবছর সেখান থেকে অনেকেই নার্সিং পরীক্ষায় পাশ করে চিকিৎসা সংক্রান্ত ব্যবস্থার সঙ্গে যুক্ত হয়ে পড়ছে। শিলিগুড়ি ও তার আশপাশের এলাকা ঘিরে চিকিৎসা একটি গুরুত্বপূর্ন পরিষেবা হয়ে উঠেছে। অনেক নার্সিং হোম তৈরি হচ্ছে। অনেক ডায়াগনস্টিকসেন্টার তৈরি হচ্ছে। আর তার সঙ্গে নার্সিং পেশার চাহিদা তৈরি হচ্ছে। সেই দিকে তাকিয়ে আমরা নার্সিং ইন্সটিটিউট তৈরি করছি। গ্রামের অনেক অনগ্রসর মেয়েরা আমাদের এখান থেকে পাশ করে আর নার্সিং পেশায় যুক্ত হয়ে পড়েছে। তাঁরা অর্থ রোজগার করছে এখন। অনেকেই বেসরকারি হাসপাতালে কাজ করছে। আমরা যেসব নার্স তৈরি করছি তাদের মধ্যে নার্সিং সেবার সব গুন প্রতিফলিত হচ্ছে। তারা রোগী সাধারনের সেবার দিকে বিশেষ নজর দিচ্ছে। সবশেষে সকলকে বলবো সবাই সুস্থ থাকুন, ভালো থাকুন।

কেন এই চিকিৎসক দিবস ?

ডাঃ বিনয় সরকার (জলপাইগুড়ি)

পয়লা জুলাই ভারতে জাতীয় চিকিৎসক দিবস হিসাবে পালিত হয়। এই দিনটি ভারতের প্রখ্যাত চিকিৎসক ডাঃ বিধান চন্দ্র রায়ের জন্ম ও মৃত্যুদিন উপলক্ষ্যে উদযাপন করা হয়। তিনি শুধু একজন কৃতী চিকিৎসকই ছিলেন না, পশ্চিমবঙ্গের দ্বিতীয় মুখ্যমন্ত্রী হিসেবেও তিনি অত্যন্ত জনপ্রিয় ছিলেন। তাঁর অবদানের স্বীকৃতিস্বরুপ ১৯৯১ সালে ভারত সরকার এই দিনটিকে জাতীয় চিকিৎসক দিবস হিসেবে ঘোষণা করে।

এই প্রসঙ্গে আমি একজন আদর্শ চিকিৎসকের কি কি গুনাবলী থাকা দরকার তার কিছু বিষয় আলোকপাত করছি।

১) সহানুভূতিশীলতা ঃ রোগীর প্রতি একজন চিকিৎসকের প্রথম গুন হলো আন্তরিক সহানুভূতি এবং যত্ন নেওয়ার মানসিকতা।

২)সুনির্দিষ্ট জ্ঞান ও দক্ষতা ঃ আধুনিক চিকিৎসা বিজ্ঞানের যথাযথ জ্ঞান ও দক্ষতা থাকা একজন চিকিৎসকের বেশ জরুরি।

৩) শ্রবণ ক্ষমতা ও যোগাযোগ দক্ষতা ঃ রোগীর সমস্যা মন দিয়ে শোনা এবং সহজ ভাষায় বোঝানো খুব প্রয়োজন।

৪) ধৈর্য্য ঃ রোগীর অবস্থার পরিবর্তন বা উন্নতির জন্য একজন চিকিৎসকের ধৈর্য্য ধরে কাজ করা দরকার।

৫) নৈতিকতা ও গোপনীয়তা রক্ষা ঃ রোগীর রোগ সম্পর্কিত তথ্য গোপন রাখা এবং নৈতিকভাবে চিকিৎসা করা অত্যন্ত জরুরি।

৬)চটজলদি সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা ঃ জরুরি মুহূর্তে সঠিক ও দ্রুত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা থাকা একজন চিকিৎসকের খুব জরুরি।

৭) সার্বক্ষণিক সহায়তা মানসিকতা ঃ পেশার প্রতি দায়বদ্ধতা ও সময়মতো সহায়তা দেওয়ার মনোভাব একজন চিকিৎসকের থাকা বেশ দরকার।

এই বিশেষ দিনটিতে আমরা চিকিৎসকদের প্রতি কৃতজ্ঞতা জানাই এবং তাদের অসামান্য অবদানের স্বীকৃতি দিই। চিকিৎসক দিবস শুধুমাত্র একটা আনুষ্ঠানিকতা নয়, এটা তাঁদের প্রতি শ্রদ্ধা জানাবার এবং সবার মাঝে স্বাস্থ্য সচেতনতা ছড়িয়ে দেওয়ার একটি সুযোগ।

With Best Compliments From :

Phone : 94341-06462
81011-91997
94342-33726
81011-92007
Email :sanjibghosh127@gmail.com

G Ganga Sweets

Different Kinds of Sweets & Snacks Maker

We also supply in different festivals & occassions

CHILDREN PARK, HOSPITAL MORE, SILIGURI-734001

চিকিৎসক এবং ডক্টর শব্দের অর্থ কি

ডাঃ সত্যজিৎ চক্রবর্তী
(হোমিওপ্যাথি চিকিৎসক, চম্পাসারি, শিলিগুড়ি)

চিকিৎসক শব্দটিতে পাঁচটি বর্ণ রয়েছে। চি--কি--ৎ--স--ক। যদিও এগুলো মূলত ধ্বনিগত উপাদান।

চি---মানে হলো চিন্তা বা চিন্তাশক্তি ঃ একজন চিকিৎসকের অবশ্যই গভীর চিন্তাশক্তি থাকতে হবে। রোগ নির্ণয় ও চিকিৎসার কৌশল নির্ধারনের জন্য।

কি -- কিরণ বা কিরন দানকারী ঃ চিকিৎসক হলেন রোগীর জীবনের জন্য আশার কিরণ, যিনি রোগীকে রোগীর অন্ধকার সময়ে আলো দেখান।

ৎ--ঋদ্ধতা বা ঋদ্ধ জ্ঞান ঃ এটি একটি ব্যঞ্জনবর্ণ হলেও এখানে প্রতীকী অর্থে ধরা যায় ঋদ্ধতা বা সমৃদ্ধ জ্ঞান-- যা একজন চিকিৎসকের মৌলিক শক্তি।

ক--করুণা বা কর্মনিষ্ঠা ঃ করুণা হলো রোগীর প্রতি মানবিকতা এবং কর্মনিষ্ঠা নিজের দায়িত্বের প্রতি অবিচলতা, যা চিকিৎসককে আলাদা করে তোলে।

ওপরের অক্ষরগুলোর সারাংশ করলে দাঁড়ায় ঃ চি মানে চিন্তা, কি মানে কিরণ, ৎ মানে ঋদ্ধতা ,স মানে সেবা এবং ক মানে করুণা।

এভাবে চিকিৎসক শব্দটির প্রতিটি অক্ষর চিকিৎসক পেশার অন্তর্নিহিত মূল্যবোধকে তুলে ধরে।

অপরদিকে চিকিৎসকের ইংরেজি হলো ডক্টর। অর্থাৎ ডি ও সি টি ও আর।এর ব্যাখা করলে দাঁড়ায় ঃ

ডি -- মানে ডেডিকেশন বা নিবেদন -- একজন চিকিৎসক তাঁর জীবন উৎসর্গ করেন মানুষের সেবা ও চিকিৎসার জন্য। তাঁরা সর্বদা রোগীর জন্য নিবেদিত।

ও -- মানে অবর্জাভেশন বা পর্যবেক্ষণ ক্ষমতা --- রোগ নির্ণয়ে সূক্ষ পর্যবেক্ষন খুব গুরুত্বপূর্ণ। চিকিৎসককে রোগীর লক্ষন ও ইতিহাস ভালোভাবে লক্ষ্য করতে হয়।

সি-- কেয়ার বা যত্ন ---চিকিৎসা মানে শুধু ওষুধ নয় -- মানবিক যত্ন, স্নেহ , সহানুভূতিও সমান গুরুত্বপূর্ণ।

টি-- মানে ট্রাস্ট বা বিশ্বাস ---রোগী ও চিকিৎসকের সম্পর্কের মূল ভিত্তি হলো বিশ্বাস। এই বিশ্বাসই একজন চিকিৎসককে শ্রদ্ধার আসনে বসায়।

ও-- মানে অপটিমিসম বা আশাবাদ --রোগীর মনে আশার সঞ্চার করা, তাকে মানসিকভাবে সাহস দেওয়া, তাঁর মনে ইতিবাচক ভাবনা গড়ে তোলা একজন চিকিৎসকের গুরুত্বপূর্ণ দায়িত্ব।

আর -- মানে রেসপনসিবিলিটি বা দায়িত্ববোধ --- একজন চিকিৎসকের কাছে মানুষ বা রোগীর জীবন অর্পিত থাকে। সেই দায়িত্ববোধের প্রতি সবসময় সচেতন থাকা একজন চিকিৎসকের বেশ গুরুত্বপূর্ণ।

এখন এই ডক্টরের সারাংশ করলে দাঁড়ায়, ডি -- ডেডিকেশন, ও-- অবজারভেশন, সি--কেয়ার, টি-- ট্রাস্ট , ও --অপটিমিসম, আর-- রেসপনসিবিলিটি।

ওপরের প্রতিটি অক্ষর বা শব্দের প্রতীকী ব্যাখা চিকিৎসা পেশার সার্বিক রুপ ও গৌরবকে তুলে ধরে।

SRI SRI NAROTTAM GAUDIYA MATH
SSNGM
Estd. 1955 | Founder Acharya: H.D.G. Bhakti Niloy Sajjan Goswami Maharaj
Recognised by: H.D.G. Bhakti Dayita Madhav Goswami Maharaj
President Acharya: H.H. Swami Bhakti Niloy Janardan Goswami Maharaj
Hare Krishna! With great pleasure we heartily invite you with your family and friends to the most auspicious occasion of
40th Sri Sri Jagannath Rath Yatra
26TH JUNE 2025 GUNDICHA MANDIR MARJAN FROM 10:00AM
27TH JUNE 2025 RATH YATRA STARTS FROM 02:30PM
5TH JULY 2025 PUNAR RATH YATRA STARTS FROM 02:30PM
27th June & 5th July Program
10:00 AM: Bhajan & Kirtan
12:30 PM: Bhog Arti
01:00 PM: Maha Prasadam
02:30 PM: Rath Yatra Starts
06:00 PM: Mela & Prasadam
06:30 PM Sandhya Arti
07:30 PM: Jagannath Katha
28th June to 4th July Daily Program
05:00 PM: Jagannath Katha
06:30 PM Sandhya Arti
07:30 PM: Bhajan Kirtan & Cultural Program
08:30 PM: Prasadam
Scan QR to Donate
Donate for the Seve of Sri Jagannath the Lord of the Universe
Google Pay / PhonePe / Paytm / BHIM UPI: 7699441023
Address: Deshbandhu Para, Near SMC Indore Stadium, Siliguri, West Bengal
Contact: (+91) 94341 95025 / (+91) 82070 55389 / (+91) 79089 46128
LIVE STREAM @srisrinarottamgaudiyamath
www.bit.ly/ssngmofficial

ডাক্তার বিধানচন্দ্র রায় ঃ অসাধারণ ব্যক্তিত্ব

বিপ্লব চক্রবর্তী (লেকটাউন, শিলিগুড়ি)

ডাক্তার বিধান চন্দ্র রায় ছিলেন এক অনন্য মানুষ, যিনি চিকিৎসক , সমাজসংস্কারক, শিক্ষাবিদ এবং প্রশাসক। সবক্ষেত্রেই ছিলেন অসাধারণ। তাঁর স্মরণে ভারতে চিকিৎসক দিবস পালিত হয় পয়লা জুলাই, কারণ এদিনই তাঁর জন্ম ও মৃত্যু --দুটোই ঘটেছিল। জন্ম -- ১ জুলাই ১৮৮২ , মৃত্যু --১ জুলাই ১৯৬২। এই দিনটি শুধুমাত্র একটি পেশাগত উদযাপন নয়, এটি একজন চিকিৎসক ও মানবসেবীর প্রতি জাতির শ্রদ্ধার প্রকাশ।

ডাক্তার বিধান চন্দ্র রায়ের বিশেষ কিছু গুনের কথা উল্লেখ করতেই হয় এই লেখাতে।

১) সেবার মানসিকতা ঃ ডাক্তার বিধান চন্দ্র রায় বিশ্বাস করতেন চিকিৎসা মানে কেবল পেশা নয়, এটি একটি সেবা ধর্ম। তিনি সবসময় দরিদ্র মানুষদের বিনামূল্যে চিকিৎসা করতেন।

২) অসাধারণ মেধা ও যোগ্যতা ঃ তিনি কলকাতা মেডিক্যাল কলেজ থেকে এমবিবিএস পাশ করার পর ইংল্যান্ডে গিয়ে মাত্র দুই বছরে এমআরসিপি ও এফআরসিএস অর্জন করেছিলেন। সেই সময় এই ধরনের ডিগ্রী অর্জন অসম্ভব বলেই ধরা হতো।

৩) সরল জীবন, উচ্চ চিন্তা ঃ তিনি ছিলেন অসম্ভব সাধারণ জীবনযাপনকারী , অথচ প্রশাসক, চিকিৎসক এবং রাজনীতিবিদ হিসেবে দৃষ্টান্ত স্থাপন করেছেন।

৪) শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে উন্নয়ন ঃ তিনি কলকাতা মেডিক্যাল কলেজ, সাধারণ হাসপাতাল সহ আরও অনেক প্রতিষ্ঠানের মানোন্নয়নে অবদান রাখেন। আইআইটি খড়গপুর প্রতিষ্ঠার ক্ষেত্রেও তাঁর উদ্যোগ ছিলো।

৫) জনপ্রিয় প্রশাসক ও নেতৃস্থানীয় ব্যক্তিত্ব ঃ পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসাবে তিনি একাধিক শহর পরিকল্পনা করেন-- দুর্গাপুর, কাঞ্চনজঙ্ঘা, বিধাননগর (সল্টলেক)-- যেগুলো এখনো তাঁর স্মৃতিবিজড়িত।

পয়লা জুলাই তাঁকে স্মরন করে সবাই চিকিৎসক দিবস পালন করেন। কিন্তু কি করলে সার্থক হবে চিকিৎসক দিবস পালন?

চিকিৎসকদের অবদানকে সন্মান জানাতে এবং তাঁদের গুণাবলি অনুসরণে সমাজে ইতিবাচক প্রভাব ফেলতে যেসব উদ্যোগ নেওয়া যেতে পারে ঃ

১)সন্মান ও কৃতজ্ঞতা প্রকাশ ঃ সাধারণ মানুষ ও প্রতিষ্ঠান মিলে স্থানীয় চিকিৎসকদের সংবর্ধনা দিতে পারে।

২)বিনামুল্যে স্বাস্থ্য পরীক্ষা ও মেডিক্যাল ক্যাম্প ঃ চিকিৎসকদের নেতৃত্বে বিভিন্ন স্থানে ফ্রি হেলথ চেক আপ বা সচেতনতা ক্যাম্প আয়োজন করা যেতে পারে।

৩) চিকিৎসকদের জন্য মানসিক স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি ঃ চিকিৎসকদের চাপ ও ক্লান্তি কমাতে বিশেষ সেশন বা ওয়ার্কশপ আয়োজন করা যেতে পারে।

৪) চিকিৎসা শিক্ষার্থীদের অনুপ্রেরণা দেওয়া ঃ ডাক্তার রায়ের আদর্শ তুলে ধরে ভবিষ্যৎ চিকিৎসকদের উদ্বুদ্ধ করা

৫) গরিব রোগীদের জন্য সেবামূলক কাজ ঃ ডাক্তার রায়ের মতো সামাজিক দায়বদ্ধতার পরিচয় দিয়ে গরিব ও অসহায়দের পাশে দাঁড়ানো।

সবশেষে বলতে হয়,ডাক্তার বিধান চন্দ্র রায়ের জীবন কেবল একজন কৃতী চিকিৎসকের নয়, একজন মানবসেবী দেশপ্রেমিকের অনুকরনীয় উদাহরন। চিকিৎসক দিবসে তাঁর জীবন দর্শন অনুসরন করাই হবে এই দিনের প্রকৃত সফলতা।



ডাক্তার বিধানচন্দ্র রায়ের পরবর্তী ভারতবর্ষের ১০জন আদর্শ চিকিৎসক

নিচে যে দশজন চিকিৎসকের নাম দেওয়া হলো, তাদের কেউ প্রয়াত হয়েছেন , কেউ বেঁচে রয়েছেন। কিন্তু ডাক্তার বিধান চন্দ্র রায়ের পর তাঁরা তাদের কাজের মাধ্যমে চিকিৎসা ক্ষেত্রে নজির তৈরি করেছেন। নিচের ব্যক্তিত্বরা ডাক্তার শব্দটির অন্তর্নিহিত মানবিক দায়িত্বকে সমাজের কাছে পুনরায় সংজ্ঞায়িত করেছেন। তাঁদের জীবন ও কাজ নতুন প্রজন্মকে অনুপ্রানিত করতে পারে -- একটি উন্নত, মানবিক ও সেবামূলক চিকিৎসা ব্যবস্থার জন্য।

১) ডাঃ দেবী শেঠি --বেঙ্গালুরু,কর্নাটক। হৃদরোগ বিশেষজ্ঞ। সস্তা হার্ট সার্জারির পথিকৃৎ। নারায়না হেলথ এর প্রতিষ্ঠাতা, দারিদ্র্যের মধ্যে চিকিৎসার আলো পৌঁছে দিয়েছেন।

২) ডাঃ কে কে আগরওয়ালা (প্রয়াত) -- দিল্লি কার্ডিওলজিস্ট ও স্বাস্থ্য শিক্ষক কোভিড ১৯ সময়কালে স্বাস্থ্য শিক্ষা প্রচারে অগ্রনী ভূমিকা, পদ্মশ্রী সন্মানপ্রাপ্ত।

৩) ডাঃ আর অ্যান্থনি ফাউজি, চেন্নাই, তামিলনাড়ু পল্লী চিকিৎসা ও সমাজসেবা। দরিদ্রদের জন্য চিকিৎসা পরিষেবা। বিনামূল্যে মেডিক্যাল ক্যাম্প করেন নিয়মিত।

৪) ডাঃ সন্তোষ ঘোড়খানি মহারাষ্ট্র গ্রামীন স্বাস্থসেবা নিজের বেতন দিয়ে চালান হাসপাতাল, গ্রামের মানুষের জন্য নিঃস্বাস্থ্য চিকিৎসা।

৫) ডাঃ এম এস স্বামীনাথন (প্রয়াত) ঃ তামিলনাড়ু কৃষি ও জনস্বাস্থ্য বিজ্ঞানী। সবুজ বিপ্লবের নায়ক, পুষ্টি ও জনস্বাস্থ্যে অবদান রেখে গিয়েছেন।

৬) ডাঃ এম ভেঙ্কটেশ্বর রাও হায়দরাবাদ গ্যাস্ট্রোএন্টেরোলজিস্ট চিকিৎসাকে ব্যবসা নয়, সেবা হিসেবে দেখার বাস্তব উদাহরন।

৭) ডাঃ গীতাঞ্জলি বৈদ্য নাগপুর গাইনোকলজিস্ট , নির্যাতিত ও নিগৃহীত নারীদের চিকিৎসা ও পুনর্বাসনের জন্য কাজ।

৮) ডাঃ সীতারাম তাতারা অন্ধ্রপ্রদেশ গ্রামীন স্বাস্থ্য কর্মী। একটানা ৪০ বছর গ্রামে চিকিৎসা করে গেছেন বিনা পারিশ্রমিকে।

৯) ডাঃ প্রদীপ শেঠি , মুম্বাই প্লাস্টিক সার্জারি। দগ্ধ ও অপারগ শিশুদের জন্য নিঃস্বার্থ অপারেশন করেন।

১০) ডাঃ বিমলাংশু চৌধুরী, কলকাতা । পশ্চিমবঙ্গ অর্থোপেডিক সামাজিক চিকিৎসা ও জনসচেতনতা বৃদ্ধিতে বিশেষ অবদান।

সকলকে রথ যাত্রা এবং চিকিৎসক দিবসের শুভেচ্ছা।
সবাই ভালো থাকুন।
শ্রী শ্রী নরোত্তম গৌড়ীয় মঠ

দেশবন্ধু পাড়া, শিলিগুড়ি।
(ইন্ডোর স্টেডিয়ামের সন্নিকটে)
যোগাযোগ নম্বর
৯৪৩৪১৯৫০২৫ (হোয়াটসঅ্যাপ)
/৭৬৯৯৪৪১০২৩

শ্রদ্ধাঞ্জলি ঃ প্রয়াত ডাক্তার পি আর সেন

নিজস্ব প্রতিবেদন ঃ পয়লা জুলাই চিকিৎসক দিবস। পশ্চিমবঙ্গের প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা আদর্শ চিকিৎসক ডাক্তার বিধান চন্দ্র রায়ের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে ভারতবর্ষে এই চিকিৎসক দিবস পালন করা হয়। পয়লা জুলাই ডাক্তার বিধান চন্দ্র রায়ের জন্ম ও মৃত্যু দিবস। তাই এই বিশেষ দিনে তাঁর আদর্শ অনুসরন করার জন্য নতুন প্রজন্মের কাছে বার্তা দেওয়া হয়। এবারে শিলিগুড়িতে চিকিৎসক দিবস পালনের আগে বহু চিকিৎসক স্মরন করছেন শিলিগুড়ির সদ্য প্রয়াত বর্ষীয়ান চিকিৎসক ডাক্তার পি আর সেন বা প্রীতিরঞ্জন সেনকে।

গত ২৪শে মার্চ ২০২৫ ---৮৪ বছর বয়সে প্রয়াত হয়েছেন ডাক্তার পি আর সেন। শিলিগুড়ি রবীন্দ্রনগরে তিনি বসবাস করতেন। ১৯৪১ সালে পূর্ব পাকিস্তানের অধীন বাংলাদেশে তাঁর জন্ম হয়েছিল। শৈশব থেকেই গ্রামের মধ্যে তাঁকে প্রচন্ড লড়াই করে পড়াশোনা করতে হয়েছে। আর্থিক সঙ্কটও ছিলো। কিন্তু সেই সব প্রতিবন্ধকতাকে তিনি জয় করেছেন তাঁর মেধা এবং প্রতিভার জোরে। শৈশব থেকে তিনি পরিশ্রমীও ছিলেন। স্কুলের পাঠ চুকিয়ে তিনি ডাক্তারি পড়ার জন্য ঢাকা মেডিকেল কলেজে ভর্তি হয়েছিলেন। সেখানে পড়তে পড়তেই বাংলাদেশে কিছু অস্থির পরিস্থিতি তৈরি হয়। এমন উত্তেজনাময় অশান্ত পরিস্থিতি যে ঢাকা মেডিকেল কলেজের কিছু ছাত্রই তাঁকে ঢাকা বা বাংলাদেশ ছাড়ার

ALL GLORY TO SHRI SHRI GURU AND GOURANGA
SHRI GOUDIYA VEDANTA SAMITI
Shri Keshab Goswami Goudiya Math

HAPPY RATH YATRA GREETINGS TO ALL :
B. V. Madhab Maharaj
Mob : 097490 15349
94755 65056
SHAKTIGARH
P.O. SILIGURI BAZAR-734005
DIST. JALPAIGURI

পরামর্শ দেন। ছাত্র পি আর সেন তখন যে পর্যন্ত ডাক্তারি পড়েছেন তার সব শংসাপত্র নিয়ে বাংলাদেশ ত্যাগ করেন। উদ্বাস্তু হিসাবে পশ্চিমবঙ্গে ১৯৬২/১৯৬৩ সালে আসার পর ছাত্র পি আর সেন ভর্তি হলেন কলকাতার আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে। তিনি দমে যাওয়ার পাত্র নন, যতোই দাঙ্গাহাঙ্গামা অশান্তি হোক না কেন, ডাক্তার তাকে হতেই হবে, কারন তিনি অসহায় অসুস্থ মানুষের সেবা করতে চান। শেষে ১৯৬৫ সালে কলকাতার আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল থেকে এম বি বি এস পাশ করেন তিনি। সেই সময় তিনি পেডিয়াট্রিক্স এর ওপর হাউসস্টাফও করেন। এরপর কেন্দ্রীয় স্বাস্থ্য পরিষেবার অধীনে প্রথমে মধ্যপ্রদেশের জব্বলপুরে কিছুদিন চাকরি করে চলে যান নাগাল্যান্ডে। তখন কঠিন পরিস্থিতি চলছিলো নাগাল্যান্ডে, তিনি অসম রাইফেলসের অধীনে সেখানে কিছুদিন চাকরি করেন। এরপর ১৯৭১ সালে তিনি চাকরি ছেড়ে দিয়ে নিজের রাজ্য পশ্চিমবঙ্গে ফিরে এসে মানুষের সেবায় আরও বেশি বেশি করে আত্মনিয়োগ করার সিদ্ধান্ত নেন। ১৯৭২ সালে তিনি যখন শিলিগুড়ির ওপর দিয়ে কলকাতায় যাচ্ছিলেন তখন শিলিগুড়িতে দুএকদিনের জন্য আত্মীয়স্বজনের বাড়িতে আশ্রয় নিয়েছিলেন। হিমালয়ের কোলে অবস্থিত ছোট্ট সুন্দর শহরটি দেখে তাঁর পছন্দ হয়ে যায়। আবার তখন শিলিগুড়ি শহরে চলছে উদ্বাস্তু স্রোত। বাংলাদেশ থেকে হাজার হাজার শরনার্থী আশ্রয় নিয়েছেন শিলিগুড়িতে। ছিন্নমূল উদ্বাস্তুদের তখন করুন পরিস্থিতি। জমিজমা বাড়িঘর ধনসম্পত্তি সব ওপার বাংলায় ছেড়ে দিয়ে সবাই এপার বাংলায় চলে এসেছেন, শুধু প্রানটা কোনোমতে বাঁচিয়ে রেখেছেন। সেই সব অসহায় মানুষদের চিকিৎসা শিলিগুড়িতে কে করবে? শিলিগুড়িতেতো তখন ডাক্তারের খুব অভাব। ডাক্তার পি আর সেনকে তাঁর আত্মীয়পরিজনরা শিলিগুড়িতে বসবাস করে এইসব উদ্বাস্তু হতদরিদ্রদের চিকিৎসার জন্য কিছু করার পরামর্শ দেন। মহানুভব এবং প্রতিভাবান চিকিৎসক ডাক্তার পি আর সেন তাঁর

হরে কৃষ্ণ, হরে কৃষ্ণ

সকলকে রথ যাত্রা এবং চিকিৎসক দিবসের শুভেচ্ছা। সবাই ভালো থাকুন।

স্বামী অখিলাত্মাপ্রিয়দাস
সভাপতি,
শিলিগুড়ি ইসকন মন্দির

কলকাতা যাওয়ার সিদ্ধান্ত পরিবর্তন করে শিলিগুড়িতে থেকে যাওয়ার সিদ্ধান্ত নেন। উদ্বাস্তুদের যন্ত্রনা, গরিবদুঃখীদের কষ্টে তিনি ছটফট করতেন। বহু অসুস্থ রোগী যাঁরা আর্থিক দিক থেকে অনগ্রসর তাদের তিনি বিনা ভিজিটে চিকিৎসা শুরু করেন, তার সঙ্গে যেসব ফিজিশিয়ান স্যাম্পল তিনি পেতেন, সবটাই বিনামূল্যে বিতরন করে দিতেন অসুস্থ গরিবদের মধ্যে। শিশুদের তিনি আরও বিশেষ যত্ন নিয়ে চিকিৎসা করতেন। এভাবে শিলিগুড়ি রবীন্দ্রনগর থেকে আশপাশের বহু মানুষের কাছে তিনি হয়ে ওঠেন নয়নের মনি নামক এক ব্যতিক্রমী চিকিৎসক। বহু অসুস্থ মানুষ তাঁর চিকিৎসায় রোগ যন্ত্রনা থেকে মুক্তি পান।

এরমধ্যেই তিনি শুরু করেন ফলফুলের চাষ।প্রথমে বাড়ির উঠোনে, তারপর বাড়ির ছাদে তিনি বিভিন্ন ফল ফুল ও সব্জি চাষ শুরু করেন।স্থানীয় প্রভাতি দৈনিকের কৃষিকর্ম পাতায় সেই সময় তিনি নিয়মিত চাষবাস নিয়ে লেখালেখি শুরু করেন।এরপর শিলিগুড়ি হরটিকালচার সোসাইটি স্থাপনেও তিনি অগ্রনী ভূমিকা পালন করেন। তার আগে মালবাজার জলপাইগুড়ি এলাকায় রাজ্য সরকারের বন দপ্তরের পার্কস এন্ড গার্ডেন্স পুস্প প্রদর্শনীর আয়োজন করলে তাঁর ছাদ বাগানের ফুলের টব সর্বত্র পুরস্কৃত হতে থাকে।এরপরেই ১৯৮৫ সালে শিলিগুড়িতে হরটিকালচার সোসাইটির উদ্যোগে শুরু হওয়া পুস্প প্রদর্শনী শুরু করার জন্যও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। চিকিৎসকদের সংগঠন আই এম এর শিলিগুড়ি শাখার সম্পাদক তিনি ছিলেন ১৯৯৭সালে।আই এম এর শিলিগুড়ি শাখার অফিস প্রথম দিকে জি টি এস ক্লাবের কাছে ভাড়া বাড়িতে শুরু হয়। পরবর্তীতে বর্তমান হাকিমপাড়ার ফ্ল্যাট বিল্ডিংয়ে আই এম এর নিজস্ব অফিস স্থানান্তরিত হয়। আই এম এর মাধ্যমে শিলিগুড়িতে চিকিৎসা আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন ডাক্তার পি আর সেন। তার সঙ্গে অবশ্যই সেই সময়ের চিকিৎসক ডাক্তার এম কে দাস, ডাক্তার কে সি মিত্র প্রমুখ ছিলেন।

চিকিৎসক দিবসের প্রাক্কালে প্রয়াত এই প্রতিভাবান এবং মানবদরদী চিকিৎসককে স্মরন করলেন তাঁর পুত্র তথা বিশিষ্ট চিকিৎসক এবং আই এম এর শিলিগুড়ি শাখার বর্তমান সম্পাদক ডাক্তার শঙ্খ সেন। ডাক্তার শঙ্খ সেন তাঁর বাবার স্মৃতিচারন করতে গিয়ে বলেন, ''বাবাকে দেখেছি ১৭/১৮ ঘন্টা কাজ করতে। রাত বারোটা পর্যন্ত চেম্বারে রোগী দেখেছেন। পুরনো শিলিগুড়িতে আজকের মতো এতো যান নিয়ন্ত্রন ব্যবস্থা উন্নত ছিলো না বা এতো যানবাহন ছিলো না। বাবাকে দেখেছি, বৃষ্টির মধ্যেও রিকশায় চেপে রাত বারোটায় রোগী দেখতে যাচ্ছেন। শিলিগুড়িতে আরও চিকিৎসক বেশি বেশি করে আসুক, এমনটাও চেয়েছিলেন বাবা। অনেক চিকিৎসককে আমার বাবা বাইরে থেকে শিলিগুড়িতে আমন্ত্রন জানিয়ে নিয়ে এসেছিলেন যাতে শিলিগুড়িতে চিকিৎসকের ঘাটতি পূরন হয়। ”

ডাক্তার শঙ্খ সেন আরও বলেন,' ' তিনি আমার বাবাতো ছিলেনই কিন্তু তার চেয়েও বড় কথা তিনি ছিলেন ভালো মানুষ। শিলিগুড়িতে তাঁর এই চলে যাওয়া বিরাট শূন্যতা তৈরি করলো। মানুষ মাত্রই সকলকে একদিন চলে যেতে হবে। কিন্তু আমার বাবা দীর্ঘদিন অ্যালঝাইমার্স রোগে ভুগছিলেন। একটি ব্রিলিয়ান্ট ব্রেনকে কিভাবে নষ্ট করে দেয় অ্যালঝাইমার্স তা বাবার ক্ষেত্রে দেখেছি। সেই রোগের জেরে বাবা শেষের দিকে কাওকে চিনতে পারছিলেন না। মানুষের কাছে থেকে বাবা যে ভালোবাসা পেয়েছেন তা টাকাপয়সা বা পুরস্কার দিয়ে পরিমাপ করা যায় না।

সবশেষে ডাক্তার শঙ্খ সেন বলেন, ' আমরা আজ ডাক্তারি সবাই করছি বটে। কিন্তু তার বাইরে গানবাজনা তবলা প্রভৃতি সাহিত্য সংস্কৃতি চর্চা এবং নিজস্ব শরীর স্বাস্থ্য ভালো রেখে আমরা যদি এগিয়ে যেতে পারি তবে আরও বেশি করে আমাদের কাছ থেকে সমাজ উপকৃত হবে। '

আমিষ, নিরামিষ চোর্ব্য ও চোষ্য

কবিতা বনিক (মহানন্দা পাড়া, শিলিগুড়ি)

খাদ্য আমরা আজকাল এমন কি আর খাই? আমাদের আগের আগের প্রজন্মের মানুষরা যা খেতেন, সুনির্মল বসুর কথায় একটু দেখি--" এমন কি আর খাই/ আস্ত পাঁঠা হলেই পরে-/ ছোট্ট আমার পেটটা ভরে/যদি তার সঙ্গে ফুলকোলুচি/গন্ডা বিশেক পাই !.."এতেও তো সবাই সুস্থই থাকতেন। স্যার আশুতোষ মুখোপাধ্যায় সুভাষ চন্দ্র বোসকে এক ঝুড়ি সন্দেশ খেতে দিয়েছিলেন। সুভাষ দুচারটের বেশি খাননি। স্যার আশুতোষ সুভাষের সামনেই ঝুড়ি ভর্তি সন্দেশ শেষ করে ফেললেন। তখনকার দিনের সন্দেশের সাইজ তো এখনকার চার ডবল ছিল, ঝুড়ির সাইজও দুহাতে ধরে মাথায় নেওয়ার মতো।

কিন্তু শরীর তা নিতে পারত । তাহলে একাল আর সেকালের তফাতটা কোথায়? খাদ্যের গুনমান। এখন মানুষের স্বভাবের গুনে খাদ্যের গুন হারিয়ে যাচ্ছে। লজ্জা, ভয়, ঘৃনা সব দূর হয়ে ভাগাড়ের মাংস দিয়ে রান্না করে রোজগার করে। গাছের শুকনো পাতা ঝেঁটিয়ে, গুড়িয়ে মশলায় মেশানো হচ্ছে। না জেনে খাওয়া তো! জানলে বমি হওয়ার থেকে কে আটকাবে !অর্থ লোভ!

গাছের ফল সব্জিতে ইঞ্জেকশন করে লোভনীয় সৌন্দর্যে পরিনত করে টাকা রোজগার। গোমাতাদের থেকে অতিরিক্ত দুধ টেনে নেওয়ার জন্য ইঞ্জেকশন করা হয়। অবলা জীবদের যন্ত্রনা বোঝাতো দূরে থাক টাকার চিন্তায় বিভোর! চাল, ডিম সবই নকল? দুধ, মাছ ইত্যাদি যাতে কোনভাবেই নষ্ট না হয় সে কারনে ফরমালিন মেশানো হয়। কারন টাটকা বলে বিক্রি করতে সুবিধা হয়। ফরমালিনে মৃতদেহকে ডুবিয়ে রাখা হয় যাতে পচন না ধরে। সেই ফরমালিন রোজ খাচ্ছি। মানুষ কত নীচে নামতে পারে? কত হাজার হাজার শিশু সহ মানুষের প্রাণ এইভাবে মৃত্যুর দুয়ারে দাঁড়িয়ে ধুঁকছে? কত মানুষ বিরল অসুখে ভুগছে। আর আছে স্বাধীনতার নামে উদ্দাম, উচ্ছৃঙ্খল বাঁধনহীন জীবন/মৃত্যু পাশাপাশি। অতিরিক্ত স্বাধীনতা লালসার ফলে এইডসের প্রাদুর্ভাব। ওষুধও নকল। ডাক্তারবাবুরা দিশেহারা। কোম্পানীগুলোর ওষুধ বিক্রি করতেই হবে এমন অবস্থায় নিজেদের জীবন হাতে করে সুচিকিৎসার চেষ্টা করেন। কারন ভালো চিকিৎসা করতে গেলে ডঃ সুনীল পাল, তিলোত্তমা আরও কত হারিয়ে যাওয়া ডাক্তারদের নাম এভাবেই মুছে যায়। কোথায় শুরু করেছিলাম। ক্রমশঃ তলিয়ে যাচ্ছি।

SRI SRI NAROTTAM GAUDIYA MATH

SSNGM

Estd. 1955 | Founder Acharya: H.D.G. Bhakti Niloy Sajjan Goswami Maharaj
Recognised by: H.D.G. Bhakti Dayita Madhav Goswami Maharaj
President Acharya: H.H. Swami Bhakti Niloy Janardan Goswami Maharaj

40th Sri Sri Jagannath Rath Yatra

SEVA OPPORTUNITY

New Dress Rath Yatra Day	₹30,001
New Dress Punar Rath Yatra	₹30,001
7 Days New Dress	₹40,001
Deities Flower Garlend (Per Day)	₹3,031
Raj Bhog (Per Day)	₹5,001
Boikallo Bhog (Per Day)	₹2,501
5 Bhogs (Per Day)	₹11,001
Arti (Per Day)	₹1,101
Light & Sound System (Rath Day)	₹30,001
Light & Sound System (Punar Rath Yatra Day)	₹30,001
7 Days Light & Sound System	₹70,001
Light & Sound System (Per Day)	₹10,001
Rath Reaper	₹50,001
Temple Decoration	₹1,00,000
Prasadam (Annadan 10,000 Plate)	₹3,00,001
Prasadam (Annadan 6,000 Plate)	₹1,80,001
Prasadam (Annadan Per Plate)	₹100

Everyone is Invited

26TH JUNE 2025
GUNDICHA MANDIR MARJAN
27TH JUNE 2025
RATH YATRA
5TH JULY 2025
PUNAR RATH YATRA
28TH JUNE TO 5TH JULY 2025
DAILY PROGRAM
DARSHAN ARTI
JAGANNATH KATHA
BHAJAN KIRTAN
CULTURAL PROGRAM
PRASADAM

Scan QR to Donate

Donate for the Seve of Sri Jagannath the Lord of the Universe
Google Pay / PhonePe / Paytm / BHIM UPI: 7699441023

Take Part in the Seva Opportunity and Contribute
Bank : Punjab National Bank | Account Name : Shri Shri Narottam Goudiya Math
Account Number : 0830010138468 | Branch : Mahabirsthan | IFSC : PUNB0083020

Address: Deshbandhu Para, Near SMC Indore Stadium, Siliguri, West Bengal
Contact: (+91) 94341 95025 / (+91) 82070 55389 / (+91) 79089 46128

LIVE STREAM @srisrinarottamgaudiyamath www.bit.ly/ssngmofficial

শ্রদ্ধাঞ্জলি

অসমঞ্জ সরকার (শিবমন্দির , শিলিগুড়ি)

" হ্যালো, কে বলছেন", " আমি ডাঃ রায় বলছি।" " হ্যাঁ স্যার, আপনি ঠিক ধরেছেন, ওর টিবিই হয়েছে। " দূর থেকে চতুর্থ শ্রেণীর কর্মচারীটির কাশির শব্দে তার রোগ নির্ণয় করেছিলেন। এই হলেন ডাঃ বিধান চন্দ্র রায়। জন্ম ১৮৮২ সালের পয়লা জুলাই পাটনার বাঁকিপুরে আর প্রয়াণ পয়লা জুলাই ,১৯৬২, কলকাতায়। তাঁর মুখ্যমন্ত্রীত্বের সময়কাল ২৩শে জানুয়ারি ১৯৪৮ থেকে পয়লা জুলাই ১৯৬২, কলকাতায়। তাঁর মুখ্যমন্ত্রীত্বের সময়কাল ২৩শে জানুয়ারি ১৯৪৮ থেকে পয়লা জুলাই ১৯৬২। তাঁকে বলা হয় পশ্চিমবঙ্গের রুপকার। এই একবিংশ শতাব্দীতে তাঁর মতো তীক্ষ পর্যবেক্ষনশীল, মানব-দরদি ও সুদক্ষ চিকিৎসক বিরল। তিনি বাংলা তথা ভারতের গর্ব এবং বিশ্বের বিস্ময়।

ডাঃ বিধান রায় ডাক্তারিতে উচ্চ ডিগ্রী লাভের জন্য পাড়ি দিয়েছেন বিলাতে। কিন্তু বিলাতে মেডিকেল কলেজে ভর্তির তারিখ অতিক্রান্ত। তিনি কলেজ চত্বরে ঘোরাফেরা করছেন। এমন সময় কলেজে এল এক নতুন রোগী। সুপারিনটেনডেন্ট ডাক্তার রায়কে ডেকে বললেন," হ্যালো ইয়াংম্যান,তুমি কি বলতে পারে এর কি অসুখ হয়েছে?" বিধান রায় বললেন, ' ওর চিকেনপক্স হয়েছে।' পরে দেখা গেল সত্যিই তাই।

সুপার জিজ্ঞাসা করলেন, ' কি করে বুঝলে?' উত্তর এলো, " রোগীর গায়ের গন্ধ থেকে।" এরপর আর ডাক্তার রায়ের ভর্তিতে কোনও অসুবিধা হল না। এরকম অনেক বিস্ময়কর ঘটনা ডাক্তার রায়ের চিকিৎসা জীবনে ঘটেছে। তারজন্যই তাঁকে ধন্বন্তরী বলা হয়।

এবারে আসি চিকিৎসা-বিজ্ঞান নিয়ে কিছু কথায় ঃ

১) প্রাচীন মিশরীয় চিকিৎসা ঃ ইমহোটেপ , যিনি প্রায় ২৬০০ খৃষ্টপূর্বাব্দে বসবাস করতেন, তাঁকে প্রথম চিকিৎসক হিসাবে গণ্য করা হয়।

২) প্রাচীন ভারতীয় চিকিৎসাঃ আয়ুর্বেদ হল প্রাচীন ভারতীয় চিকিৎসা পদ্ধতির একটি গুরুত্বপূর্ণ অংশ যা বেদ থেকে উদ্ভূত। এর পাশাপাশি ইউনানি, সিদ্ধ, হোমিওপ্যাথি, যোগ এবং প্রাকৃতিক চিকিৎসা পদ্ধতি ও প্রচলিত।

৩) প্রাচীন গ্রীক চিকিৎসা ঃ হিপোক্রেটিসকে পশ্চিমা চিকিৎসার জনক ধরা হয়।

৪) ইসলামী চিকিৎসা ঃ মধ্যযুগে ইসলামী চিকিৎসা বিদ্যার বিশেষ অগ্রগতি হয়েছে, যেখানে আল-রাজি এবং ইবনেসিনা উল্লেখযোগ্য ব্যক্তিত্ব।

৫) নবজাগরণ ও আধুনিক চিকিৎসা ঃ ১৫ ও ১৬ শতকে ইউরোপে নবজাগরন এবং আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির উথথান ঘটে, যা চিকিৎসা বিজ্ঞানেও নতুন দিগন্ত উন্মোচন করে।

৬) ঐতিহ্যবাহী চিকিৎসা ঃ বর্তমানেও অনেক দেশে ঐতিহ্যবাহী চিকিৎসা পদ্ধতি যেমন আয়ুর্বেদ, ইউনানি ইত্যাদি অনুসরন করা হয়। এবং এগুলি আজও মানুষের কাছে জনপ্রিয়।

৭) আধুনিক চিকিৎসা বিজ্ঞান ঃ বর্তমানে চিকিৎসা বিজ্ঞান রোগ নির্ণয় ও চিকিৎসার জন্য বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করে। যেমন সিটি স্ক্যান , এম আর আই , রোবোটিক সার্জারি এবং আরও উন্নত সব প্রযুক্তি।

প্রতি বছর পয়লা জুলাই জাতীয় চিকিৎসক দিবস পালন করা হয়। এই দিনটিতে , দেশের চিকিৎসকদের প্রতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। বিশেষ করে এই দিনটি ভারতের কিংবদন্তি চিকিৎসক এবং পশ্চিমবঙ্গের তদানীন্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের জন্ম ও প্রয়ান দিবস হিসাবে পালিত হয়।আসুন আমরা সবাই এই দিনটিতে অসহায় মানুষের পাশে থাকার চেষ্টা করি।তবেই তাঁর প্রতি প্রকৃত শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হবে।

মায়োপিয়া নিয়ন্ত্রনের পাঁচটি উপায়

(সৌজন্যে ঃ দ্য হিমালয়ান আই ইন্সটিটিউট, বর্ধমান রোড, শিলিগুড়ি)

মায়োপিয়া কি?

মায়োপিয়া বা অদূরদর্শিতা হলো চোখের একটি সাধারণ রোগ, যা দূরের বস্তুকে ঝাপসা করে দেয়, কিন্তু কাছাকাছি বস্তুকে পরিস্কারভাবে দেখা যায়।এটি চোখের আলোকরশ্মির সঠিকভাবে রেটিনায় ফোকাস না করার কারনে ঘটে। মায়োপিয়া একটি খুব সাধারন সমস্যা যা সংশোধন করা যেতে পারে।

ভারতবর্ষের শহরাঞ্চলে স্কুলগামী শিশুদের (৫ থেকে ১৫ বছর বয়সী) মধ্যে প্রায় ২১.১৫ শতাংশ মায়োপিয়ায় আক্রান্ত যা একটি উদ্বেগের বিষয়। প্রকৃতপক্ষে ডব্লু এইচ ও অনুমান করেছে যে ২০৫০ সালের মধ্যে, বিশ্বের জনসংখ্যার প্রায় অর্ধেকই মায়োপিয়ায় আক্রান্ত হবে, যদি এর চিকিৎসা না করা হয়।

কোভিড-মহামারী পরবর্তী কিছু গবেষণায় দেখে গিয়েছে বিশ্বব্যাপী শিশুদের মধ্যে মায়োপিয়া হঠাৎ করে বেড়ে গিয়েছে। এর অন্যতম প্রধান কারন হল ঘরবন্দি হয়ে থাকার ফলে স্ক্রীন টাইম অতিরিক্ত বেড়ে যাওয়া।

মায়োপিয়া কি নিরাময় করা সম্ভব?

সাধারণত মায়োপিয়া শৈশবে শুরু হয়। শিশুদের বয়স বাড়ার সাথে সাথে আই বলের সাইজও বেড়ে যায়। আই বলের সাইজ স্বাভাবিকের তুলনায় বেড়ে গেলেই মায়োপিয়া হয়। আইবলের সাইজ একবার বেড়ে গেলে সেটা দৈর্ঘ্যে ছোট হওয়া সম্ভব নয় , অতএব মায়োপিয়া নিরাময় করা যায় না। তবে এর চিকিৎসা ও নিয়ন্ত্রন করা সম্ভব। সঠিক প্রেসক্রিপশনের চশমা পড়াই এর চিকিৎসা। নিম্নলিখিত কৌশলগুলি মায়োপিয়া নিয়ন্ত্রনের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহন করেছে-----

১) পরিবেশগত কারন এবং জীবনধারার পরিবর্তন ঃ

মায়োপিয়ার অগ্রগতির সাথে স্ক্রিন টাইম বা কাছের কাজের সময় বৃদ্ধির সম্পর্ক রয়েছে। এই কারনেই মহামারীর পরে আমরা মায়োপিয়ার অগ্রগতিতে হঠাৎ বৃদ্ধি দেখতে পেয়েছি। কাছের কাজ যেমন বই পড়া, ছবি আঁকা, মোবাইল দেখা ইত্যাদি কাজ যত বেশি হবে শিশুদের মধ্যে মায়োপিয়ার অগ্রগতির সম্ভাবনা তত বেশি। স্ক্রীন টাইম যত কম হবে মায়োপিয়ার অগ্রগতি ধীর হয়ে যাবে। তদুপরি আমেরিকান একাডেমি অফ অফথ্যালমলজি প্রতিটি বয়সের শিশুদের জন্য স্ক্রীন টাইমের পরিমান সুপারিশ করেছেন।

অধিকন্তু গবেষনায় দেখা গেছে যে মায়োপিয়ার বৃদ্ধির ঝুঁকি কমাতে প্রাকৃতিক আলোতে একটি নির্দিষ্ট স্তরের ইউ ভি এক্সপোজার প্রয়োজন। অতএব বাবা-মায়েদের তাদের সন্তানদের বাইরের সময় বাড়ানোর পরামর্শ দেওয়া হচ্ছে। দিনে অন্তত দু থেকে তিন ঘন্টা আউটডোর এক্টিভিটি করলে মায়োপিয়া বৃদ্ধির হার কমানো যেতে পারে।

২)বিশেষ ধরনের মায়োপিয়া নিয়ন্ত্রনকারী স্পেকটাকল লেন্স ঃ

মায়োপিয়া নিয়ন্ত্রনের জন্য অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন চশমার লেন্সগুলি মায়োপিয়া সংশোধন এবং নিয়ন্ত্রন করতে পারে। চশমা পরা সম্ভবত সহজ, তাই মায়োপিয়ার জন্য এটি একটি ভালো বিকল্প। ডি আই এম এস এবং হল্ট (এইচ এ এল টি) এই দুটি উন্নত প্রযুক্তি সম্পন্ন চশমার লেন্স মায়োপিয়া নিয়ন্ত্রনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা

গ্রহন করেছে।

৩)মায়োপিয়ার জন্য কম মাত্রার অ্যাট্রোপিন চোখের ড্রপ (০.০১ শতাংশ)ঃ

কয়েক দশক ধরে মায়োপিয়া অগ্রগতি নিয়ন্ত্রনের জন্য অ্যাট্রোপিন ব্যবহার করা হচ্ছে। তবে এর সুনির্দিষ্ট প্রমান হিসেবে দীর্ঘমেয়াদী গবেষনা পাওয়া যায়নি। কিন্তু সম্প্রতি এআইডিম(মায়োপিয়ার চিকিৎসায় অ্যাট্রোপিন) নামে পরিচিত একটি গবেষনায় মায়োপিয়া অগ্রগতির দুই বছরব্যাপী মূল্যায়ন করা হয়েছে। যেখানে তারা মায়োপিয়া আক্রান্ত শিশুদের দুটি গ্রুপে বিভক্ত করেছেন। একটি গ্রুপের শিশুদের অ্যাট্রোপিন ০.০১ শতাংশ এর ডোজ দেওয়া হয়েছে এবং অন্য গ্রুপের শিশুদের কিছু দেওয়া হয়নি। দেখা গেছে অ্যাট্রোপিন ব্যবহৃত শিশুদের অন্য গ্রুপের তুলনায় মায়োপিয়া অগ্রগতির হার হ্রাস পেয়েছে। কোভিড১৯ মহামারীর সময় লকডাউন চলাকালীন হঠাৎ মায়োপিয়া বৃদ্ধি পেয়েছিল। এক্ষেত্রে অ্যাট্রোপিন০.০১ শতাংশ আই ড্রপ মায়োপিয়ার অগ্রগতি হ্রাস করতে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহন করেছে।

৪) মায়োপিয়ার জন্য কন্টাক্ট লেন্স ঃ

মাল্টিফোকাল সফট কন্টাক্ট লেন্স তরুনদের মায়োপিয়া সংশোধন করতে পারে এবং প্যাথোলজিক্যাল চোখের বৃদ্ধি বিলম্বিত করে মায়োপিয়ার অগ্রগতি থামাতে পারে। এগুলি মূলত চল্লিশ বছরের বেশি বয়সী ব্যক্তিদের কাছের দৃষ্টি উন্নত করতে ব্যবহৃত হয়। সফট মাল্টিফোকাল কন্টাক্ট লেন্সগুলি বুলস আই এর মতো আকৃতির , এর মধ্যে দুটি আলোককেন্দ্রিক অঞ্চল রয়েছে, যার একটি দূরের দৃষ্টির জন্য এবং লেন্সের কেন্দ্রটি কাছের দৃষ্টিকে সংশোধন করে। গবেষনায় দেখা গেছে হাই এডযুক্ত মাল্টিফোকাল কন্টাক্ট লেন্সগুলি চোখের বৃদ্ধি উল্লেখযোগ্যভাবে ধীর করে দেয়।

৫) অর্থোকেরাটোলজি কন্টাক্ট লেন্স ঃ

অর্থোকেরাটোলজিতে এক বিশেষ ধরনের আর জি পি অর্থাৎ রিজিড গ্যাস পারমিয়াবল কন্টাক্ট লেন্স ব্যবহৃত হয়। এই অর্থোকে লেন্সগুলি চোখের সামনের অংশ কর্নিয়ার উপর চাপ সৃষ্টি করে কর্নিয়াকে সমতল করে দেয় এবং কর্নিয়াকে পুর্ননির্মান করে। অর্থোকে লেন্সগুলি রাতে ঘুমোনার আগে শিশুকে পরাতে হবে এবং লেন্সগুলি পরে ভালো ঘুম পেতে হবে। এই লেন্সগুলি ব্যবহার করলে --৫.০০ ডায়োপটার পর্যন্ত মায়োপিয়া রোগীদের ক্ষেত্রে সেরা ফলাফল পাওয়া যায়। এর বেশি পাওয়ার হলে কাস্টমাইজ অর্থোকে ডিজাইন করতে হবে। একজন অভিভাবক হিসেবে কন্টাক্ট লেন্স থেকে সংক্রমন একটি প্রধান উদ্বেগের বিষয়, তবে গবেষনায় দেখা গেছে লেন্সের সঠিক যত্ন ও রক্ষনাবেক্ষনের নিয়ম যথাযথ অনুসরন করা হলে ঝুঁকি এক শতাংশের কম হয়।

সারাংশ

১)বাবা-মায়েদের জন্য মায়োপিয়া নিয়ন্ত্রনের বিষয়টি নিয়ে ভাবা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২) বাচ্চাদের স্ক্রীন টাইম কমিয়ে দেওয়া, প্রয়োজনে নির্দিষ্ট সময়সীমা বরাদ্দ করা।

৩) বাইরে খেলার সময় বৃদ্ধি।

৪) লো-ডোজ অ্যাট্রোপিন ব্যবহার শুরু করা।

৫) মায়োপিয়া নিয়ন্ত্রনের চশমা ব্যবহারের কথা বিবেচনা করা।

৬) চশমার বিকল্প হল সফট মাল্টি ফোকাল কন্টাক্ট লেন্স অথবা অর্থোকেরাটোলজি ।



রথযাত্রা মানে আত্মশুদ্ধির পরম অনুশীলন

স্বামী ভক্তিনিলয় জনার্দন মহারাজ (মঠাধ্যক্ষ, শ্রী শ্রী নরোত্তম গৌড়ীয় মঠ, দেশবন্ধু পাড়া, শিলিগুড়ি)

শ্রী শ্রী নরোত্তম গৌড়ীয় মঠ প্রতিবছরের মতো এবারও শ্রী জগন্নাথ দেবের মহারথযাত্রা মহোৎসবে অংশ নিচ্ছে। এটি শুধুমাত্র একটি আচরিক উৎসব নয়, এটি এক গভীর আধ্যাত্মিক অনুধ্যান, আত্মনিবেদনের পথ।

প্রভু জগন্নাথ, বলরাম ও সুভদ্রা দেবীর এই রথে আরোহন এবং মাসির বাড়ি (গুন্ডিচা মন্দির) যাত্রা হচ্ছে আমাদের হৃদয়ের অন্তর্নিহিত মোহ, অহঙ্কার ও পার্থিব বন্ধন থেকে মুক্তির প্রতীক। এই রথ টেনে নিয়ে চলা যেন পরমপুরুষের প্রতি আমাদের নিরন্তর আকর্ষন-- প্রভুকে ফিরে পাওয়ার চেষ্টা।

রথ যাত্রায় আমরা কেবল বাহ্যিক আনন্দ নয়, অভ্যন্তরীন আত্মশুদ্ধি খুঁজে পাই। মাসির বাড়ি যাত্রা মানে সেই গৃহে যাওয়া যেখানে প্রভুর প্রতি প্রেমের অনুভব হয় আরও নিঃস্বার্থ, আরও ঘনিষ্ঠ। গুন্ডিচা মন্দির মানেই আমাদের হৃদয়-মন্দির, যেখানে শ্রদ্ধা, ভালোবাসা ও সেবা দিয়ে প্রভুকে বসাতে হয়।

এই বছর ২০২৫-এ আমরা ৪০ তম শ্রীশ্রী জগন্নাথ রথযাত্রা পালন করতে চলেছি। আমাদের কর্মসূচির প্রধান তারিখগুলো হলো ঃ

২৬শে জুন ঃগুন্ডিচা মন্দির মার্জন অর্থাৎ হৃদয়কে শুদ্ধ করার প্রতীকী আচার।

২৭শে জুন ঃ রথ যাত্রা উৎসব, বিকেল দুটা থেকে শুরু।

৫ই জুলাই ঃ পুনরায় রথযাত্রা (উল্টোরথ), বিকেল দুটা থেকে ।

এই দিনগুলিতে ভক্তিমূলক অনুষ্ঠান, হরিনাম সংকীর্তন, প্রসাদ বিতরন, জগন্নাথ কথা ও সন্ধ্যারতি হবে। ২৭শে জুন এবং ৫ই জুলাই ভক্তদের জন্য বিশেষ দিন। আমরা সকলে মিলে যদি এই উৎসবকে শুধুমাত্র এক সামাজিক অনুষ্ঠান না ভেবে অন্তর থেকে গ্রহন করি, তবে প্রভু নিজে আমাদের হৃদয়-মন্দিরে অধিষ্ঠান করবেন। তাই বলছি -- এই রথ টানুন হৃদয়ের ভক্তিতে, আনুন প্রভুকে নিজের জীবনে, আর হয়ে উঠুন শ্রীকৃষ্ণ ভক্তির একজন যোগ্য বাহক। হরে কৃষ্ণ ! জয় জগন্নাথ !

ঠিকানা ও যোগাযোগ ঃ দেশবন্ধু পাড়া, ইন্ডোর স্টেডিয়ামের পাশে, শিলিগুড়ি। মোবাইল ঃ
৯৪৩৪১৯৫০২৫/৮২০৭০৫৫৩৮৯/৭৯০৮৯৪৬১২৮
ইউ পি আই ডোনেশন ঃ ৭৬৯৯৪৪১০২৩

চিকিৎসক দিবসে শুভেচ্ছা

ডাঃ সুশান্ত দাস (ডি এম বি এস, শৈল হোমিও হল, শিলিগুড়ি)

পয়লা জুলাই চিকিৎসক দিবসে আমি ডাঃ সুশান্ত দাস সকল সহকর্মী চিকিৎসক, রোগী এবং শুভানুধ্যায়ীদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। এই বিশেষ দিনে আমি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি সেই সব চিকিৎসককে যাঁরা মানবসেবাকে নিজের ব্রত করেছেন। চিকিৎসা শুধু একটি পেশা নয়-- এটা এক বিশাল দায়িত্ব, যা হৃদয়ের থেকে আসে। আমি দীর্ঘদিন ধরে হোমিওপ্যাথি চিকিৎসা পদ্ধতিতে রোগ রোগ নিরাময়ের কাজ করছি। হোমিওপ্যাথি একটি সহানুভূতিশীল , মৃদু কিন্তু কার্যকর চিকিৎসা ব্যবস্থা , যা রোগের মূল কারণকে চিহ্নিত করে তার ভিতর থেকেই নিরাময়ের পথ খোঁজে। পার্শ্ব প্রতিক্রিয়া নেই বললেই চলে এবং দীর্ঘমেয়াদী রোগেও হোমিওপ্যাথির ভূমিকা অপরিসীম। আমার পরামর্শ, সুস্থ থাকতে হলে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা, সুষম আহার, পরিমিত বিশ্রাম ও মানসিক শান্তি অপরিহার্য। আর কোনো উপসর্গ দেখা দিলে অবহেলা না করে চিকিৎসকের পরামর্শ নেওয়াই বুদ্ধিমানের কাজ। এই চিকিৎসক দিবসে আমার একটাই বার্তা--" রোগ নয়, সুস্থতাই হোক জীবনের রূপকথা। " সকলকে জানাই সুস্থতা ও সমৃদ্ধির শুভেচ্ছা।

আমার চেম্বার ঃ শৈল হোমিও হল, ঋষি অরবিন্দ রোড, শিলিগুড়ি--৭৩৪০০১। সময় ঃ সকাল ১১.৩০ থেকে ১.০০, বিকেল ৫.০০ থেকে রাত ৯.০০ (রবিবার বন্ধ)

বাসভবন ঠিকানা ঃ ১৮,সত্যজিৎ রায় সরণি, হায়দরপাড়া, শিলিগুড়ি।

ফোন ঃ ৯৪৩৪১৮৭৪৫২।

তবুও কিছুই হারিয়ে যায়নি

অশোক রায় (পন্ডিচেরী)

হঠাৎ একদিন ‘‘ভালোবাসা’’আমাকে বললো যে সে চলে যাচ্ছে, সে আর থাকতে পারছে না। কারণ তার থাকার মেয়াদ শেষ হয়ে গিয়েছে, সেই মেয়াদ আর ‘রিনিউ’ হবে না।

আমি বিস্ময়ে হতবাক। এক মুহুর্ত দেরি না করে হৃদয়ের কাছে উপস্থিত হলাম। হৃদয় খুব দুঃখের সঙ্গে বললো যে ‘‘ মানবজাতি আমাকে বলেছে যে আমাকে আর তাদের প্রয়োজন নেই। তাই আমি চললাম। ’’

আমি ভাবতে পারছি না এগুলো কি ঘটছে।

খুব দ্রুত মনের কাছে উপস্থিত হলাম। সেখানে একটি বজ্রপাতের মতো সংবাদ আমার জন্য অপেক্ষা করছিলো , মন ইতিমধ্যে আমাদেরকে ছেড়ে চলে গেছে। আমি রীতিমতো বিধ্বস্ত, কোনোমতে নিজেকে ধরে এগোনোর চেষ্টা করছি আর ভাবছি যে, ‘‘ভালোবাসা’’ , ‘‘হৃদয়’’ এবং মন ছাড়া কিভাবে আমরা বাঁচবো। ঠিক সেইসময় অকস্মাৎ একটি অলৌকিক ঘটনা ঘটলো ঃ আমি দেখলাম , কেউ আমার হাতটা শক্ত করে ধরেছে, তাকিয়ে দেখি --‘আশা’ আমার দিকে তাকিয়ে স্বর্গীয় হাসিতে বললো, কোনো ভয় নেই। আমার হাতটা ঠিক করে ধরে থাকো। সব ফিরে আসবে। সেই মুহূর্তে হতে আজ পর্যন্ত আমি আমার সর্বস্ব দিয়ে ‘আশা’কে জড়িয়ে ধরে আছি।

সেবার দেবদূত

(চিকিৎসক দিবসে শ্রদ্ধাঞ্জলি)

সাদা অ্যাপ্রোন, স্টেথো হাতে,
রাত পোহায় না যাদের সাথে।
জীবনের মূর্ছনা যতই গভীর,
তাঁরাই আনেন বাঁচার হুমির।

তপ্ত প্রহরে নিঃশব্দ যোদ্ধা,
দুচোখ জুড়ে জেগে থাকা ব্রত।
হাসপাতালের দেয়ালে লেখা,
‘সেবা ধর্ম, মানবতা শেখা!’

বিধান রায়ের প্রদীপ হাতে,
হেঁটে চলেছেন যাঁরা পথে।
তাঁদের শ্রদ্ধায় নত আজ মন,
যতটুকু দিই, তা নয় তো পূরণ।

তোমার স্পর্শে ফিরে আসে প্রাণ,
তোমার কথায় ঘোচে ভয়ভীতির ভান।
রক্তমাখা সেই জেগে থাকা চোখ,
চোখের থেকেও জ্বলন্ত শপথ।

হবে না ওষুধের বন্যা,
চাই ভালোবাসা, মায়া,সম্পদ-হীন গরিবের
ছায়া।
থাকুক পাশে একটি হাত,
যেখানে হৃদয় হবে শ্রেষ।

আর্থিক দিক থেকে অনগ্রসরদের জন্য বিনামূল্যে কিডনি ডায়ালিসিস শিলিগুড়িতে

নিজস্ব প্রতিবেদন ঃ আজকাল বহু মানুষ কিডনির সমস্যায় ভুগছেন।জীবনযাত্রার ধরন এবং খাদ্যাভাস পরিবর্তিত হতে থাকায় কিডনির অসুখ বাড়ছে। কিডনির জটিল সমস্যায় অনেকের কিডনির ডায়ালিসিস করা জরুরি হয়ে পড়েছে। কিন্তু যাদের আর্থিক সঙ্কট রয়েছে তাদের পক্ষে অর্থ খরচ করে কিডনি ডায়ালিসিস করা সম্ভব হয় না। তাদের কথা চিন্তা করে লায়ন্স ক্লাবের তরফে বিনামূল্যে কিডনি ডায়ালিসিস এর বন্দোবস্ত করা হয়েছে। এ খবর জানিয়েছেন শিলিগুড়ি গ্রেটার লায়ন্স আই হাসপাতালের চেয়ারম্যান তথা বিশিষ্ট সমাজসেবী লায়ন সুরেশ সিনহল।



ডাক্তার বিধান চন্দ্র রায়ের দশটি অনুপ্রেরনামূলক বাণী

১)“ চিকিৎসা কেবল পেশা নয়, এটি মানবতার সর্বোচ্চ রূপ।”

২) “ একজন প্রকৃত চিকিৎসক রোগের নয়, রোগীর চিকিৎসা করেন।”

৩)“ সেবাই আমার ধর্ম, মানুষই আমার ঈশ্বর ”।

৪) “ মানবসেবা করতে চাইলে প্রথমে মানুষকে ভালোবাসতে শিখো। ”

৫) “চিকিৎসা বিজ্ঞানের সঙ্গে হৃদয়ের সংযোগ না হলে, তা কখনও পূর্ণ হতে পারে না। ”

৬) “ আমার জীবনের প্রতিটি মুহূর্ত আমি দেশের মানুষের জন্য উৎসর্গ করেছি। ”

৭)“ নাগরিকের স্বাস্থ্যই একটি জাতির প্রকৃত সমৃদ্ধি। ”

৮)“ চিকিৎসার প্রতিটি সিদ্ধান্ত যেন আসে সহানুভূতি ও বিবেকের মিলনবিন্দু থেকে। ”

৯)“ আমরা যতই প্রযুক্তি ব্যবহার করি না কেন, একজন চিকিৎসকের স্পর্শ ও মনোযোগের কোনো বিকল্প নেই।”

১০) “ ডাক্তার মানে শুধু প্রেসক্রিপশন নয়, একজন আশার প্রদীপ হয়ে ওঠা। ”

জাতিধর্ম নির্বিশেষে বহু সাধারণ মানুষের কাছে এই হাসপাতাল এখন হৃদয়ের হাসপাতাল

নিজস্ব প্রতিবেদন ঃ হরিয়ানার অগ্রোহা শহরের রাজা ছিলেন মহারাজা অগ্রসেন। তিনি একজন কিংবদন্তি রাজা হিসেবেও পরিচিত। অধ্যাত্মবাদীরা বলেন, শ্রীরামচন্দ্রের বড় পুত্র কুশের বংশধর হলেন মহারাজা অগ্রসেন। তিনি ইতিহাসে বহু অসামান্য মানবদরদী কাজ করে গিয়েছেন। যেমন যজ্ঞের মধ্যে বলি প্রথা তুলে দেওয়ার জন্য তিনি বিরাট লড়াই অর্থাৎ দয়া ও সহানুভূতির পরিচয় রেখে গিয়েছেন। অধ্যাত্মবাদীরা আরও বিশ্বাস করেন, দেবী লক্ষী তাকে ও তার বংশধরদের জন্য সমৃদ্ধি দান করেছিলেন।

আজ যাদের আমরা অগ্রওয়াল বলে জানি তারা সকলেই অগ্রসেনের বংশধর বা তারা অগ্রোহ শহরের মানুষ-- যার সঙ্গে তাদের বংশ পরম্পরা, ঐতিহ্য ও ইতিহাসের গভীর সম্পর্ক রয়েছে। ইতিহাসে মহারাজা অগ্রসেন মানবিকতার বহু দৃষ্টান্ত স্থাপন করে গিয়েছেন আর তার সেই সব দৃষ্টান্তকে অনুসরন করে আজও তার বংশধরেরা তার প্রতি শ্রদ্ধা নিবেদন করে জাতিধর্ম নির্বিশেষে মানবিকতার সেবায় কাজ করে চলেছেন। এমনই একটি নজির হলো শিলিগুড়ি ফুলবাড়িতে অবস্থিত মহারাজা অগ্রসেন হাসপাতাল, যে হাসপাতাল আজ বহু নিম্নবিত্ত এবং মধ্যবিত্ত মানুষের কাছে প্রাণের হাসপাতাল হয়ে উঠেছে।

শিলিগুড়িতে বিভিন্ন বেসরকারি হাসপাতালে চিকিৎসা বিল যখন অত্যধিক বলে অভিযোগ ওঠে তখন মহারাজা অগ্রসেন হাসপাতালে চিকিৎসা করাতে গিয়ে বহু সাধারণ মধ্যবিত্ত এবং নিম্ন বিত্ত মানুষ কিন্তু স্বস্তির নিঃশ্বাস ফেলছেন। যেমন ধরুন একটি 'সিজারিয়ান ডেলিভারি', যেখানে বিভিন্ন বেসরকারি নার্সিংহোমে এক থেকে দেড় লক্ষ টাকা বিল ধরা হয় সেখানে মাত্র ২৫ হাজার টাকা এবং ওষুধ মিলিয়ে সর্বমোট ৩০/৩২ হাজারের মধ্যে সিজারিয়ান ডেলিভারি সম্পন্ন। আবার

গলব্লাডার অপারেশনের জন্য যখন বিভিন্ন নার্সিংহোমে আশি হাজার থেকে দেড় লক্ষ টাকা বিল আদায় করা হয় তখন মহারাজা অগ্রসেনে তা ৩০/৩২ হাজারে সম্পন্ন হয়ে যায় । আর স্বাস্থ্য সাথি কার্ড থাকলেতো কোনো কথাই নেই। স্বাস্থ্য সাথি কার্ড এর মাধ্যমে বলা

যায় বিনামূল্যেই সেখানে গলব্লাডার স্টোন অপারেশন হয়ে যাচ্ছে। অপরদিকে কিডনির অসুখে যারা ভুগছেন তাদের কাছেও আজকাল কিডনি ডায়ালিসিস একটি বিরাট সমস্যা এবং অত্যন্ত ব্যয়বহুল। সেই সব রোগীদের জন্য মহারাজা অগ্রসেন হাসপাতাল বিরাট মানবিক ভূমিকা পালন করে চলেছে। শুধু তাই নয়, সর্বক্ষেত্রে এমনকি বিভিন্ন পরীক্ষানিরীক্ষা আধুনিক মেশিনের সাহায্যে মহারাজা অগ্রসেনে করা হচ্ছে কম মূল্যে। ফলে শিলিগুড়ি সহ উত্তরবঙ্গের বিভিন্ন প্রান্ত এমনকি প্রতিবেশী রাজ্যগুলো থেকে হাজার হাজার রোগী মহারাজা অগ্রসেনে ভিড় করছেন। ফলে দিনকে দিন চাপ বাড়ছে হাসপাতালের ওপর। আর সেই চাপকে সামনে রেখে রোগী সাধারনকে কিভাবে আরো উন্নত এবং ভালো পরিষেবা দেওয়া যায় তার জন্য সেই চ্যারিটেবল হাসপাতালের সকলে কাজ করে চলেছেন মনপ্রাণ ঢেলে। এই হাসপাতালের ট্রাস্টি বোর্ডের বর্তমান চেয়ারম্যান নীরজ চৌধুরী জানালেন, কোন লাভ বা বলতে হয় অর্থনৈতিক লাভের জন্য তারা হাসপাতালটি শুরু করেননি। তাদের উদ্দেশ্য হলো এখানে ন্যায্য মূল্যে মানুষকে পরিষেবা দিয়ে কিভাবে সুস্থ করে বাড়ি পৌঁছে দেওয়া যায়। তার জন্য বিগত আট বছরে এই হাসপাতাল তৈরির পর থেকে কোনোরকম চিকিৎসা ব্যয় বৃদ্ধি করা হয়নি।মানুষের ওপর চিকিৎসা খরচের অতিরিক্ত চাপ তাঁরা চাপিয়ে দিতে চান না। অথচ আধুনিক যন্ত্রপাতির সাহায্যে সেখানে উন্নত মানের চিকিৎসা হচ্ছে। দিনের পর দিন চারদিকে যখন চিকিৎসা ব্যয় বাড়ছে তখন কিভাবে রোগী সাধারণ এর ওপর চিকিৎসা খরচ না বাড়িয়ে এই হাসপাতাল চলছে, একটি বিরাট প্রশ্ন। সেই প্রশ্নের জবাবে নীরজবাবু বলেন, তাদের মহারাজা অগ্রসেন হাসপাতালে ১৭০০ জন ট্রাস্টি রয়েছেন, দুশোজন রয়েছেন বিশেষ ডোনার-- যাদের দানের ওপর চলছে এই হাসপাতাল। তাদের লক্ষ্য ন্যায্য মূল্যে একটি উন্নত চিকিৎসা পরিষেবা অব্যাহত রাখা। গোটা হাসপাতাল চত্বরও আপনি দেখবেন ঝকঝকে তকতকে। নীরজবাবু আরও বলেন, তিনি ট্রাস্টি সদস্যের সকলের আদর্শ এবং সেবার মনোভাবের প্রতি পূর্ণ শ্রদ্ধা এবং সম্মান প্রদান করছেন। তাদের এই হাসপাতাল সম্পূর্ন অলাভজনক একটি হাসপাতাল, যেখানে মানুষের রোগের কষ্ট দূর করে তাদের সেবা দেওয়াটাই মূল কথা। প্রতিটি রোগীকে তারা তাদের বাড়ির সদস্য মনে করেন আর তার জন্য প্রতিটি ডাক্তার সমস্ত কর্মী নার্স সবাই একযোগে মন দিয়ে কাজ করেন এই হাসপাতালে। একজন বিশিষ্ট মহানুভব ব্যক্তি এই হাসপাতালের জন্য ৫৩ কাঠা জমি দান করেছিলেন। তারপর তৈরি হয় মহারাজা অগ্রসেন রিসার্চ সার্ভিস ফাউন্ডেশন। সে ফাউন্ডেশন তৈরির শুরু থেকেই তাদের উদ্দেশ্য ছিলো কম খরচে মানুষকে উন্নত মানের চিকিৎসা প্রদান করা। ২০১২ সালে সেই জমি অধিগ্রহন করা হয়। এরপর কাজ শুরু হয় , ২০১৭ সালে হাসপাতালে ওপিডি চালু হয়।

এই হাসপাতালে উন্নত গুনগত চিকিৎসার মানকে জাতীয় স্তরের স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন বিভাগ সমীক্ষা করে শংসাপত্র দিয়ে গিয়েছে। এই হাসপাতালে চিকিৎসা মানের কোনো লঙ্ঘন করা হচ্ছে না বলেও সকলেই জানিয়ে দিয়েছে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান নীরজ চৌধুরী জানিয়েছেন, আগামী দিনে চিকিৎসার খরচ না বাড়িয়ে আরো কিভাবে উন্নত চিকিৎসা করা যায় সেই দিকে তারা নজর দিচ্ছেন। শিলিগুড়ি বা উত্তরবঙ্গ থেকে কোন মানুষ যাতে দক্ষিন ভারতে চিকিৎসা করাতে না যায় সেই লক্ষ্যে তারা নানান পরিকল্পনা এবং প্রকল্প গ্রহন করছেন। তবে রাজ্যের বাইরে থেকে আসা সাধারণ রোগীরা যাতে আয়ুস্মান ভারতের সুবিধা এ রাজ্যে পেতে পারেন তার জন্য তারা রাজ্য সরকারের কাছে প্রস্তাব রাখছেন। আয়ুস্মান ভারত সুবিধা এ রাজ্যেও কার্যকর হলে বহু মানুষ উপকৃত হতে পারেন। একই সঙ্গে রাজ্য সরকারের স্বাস্থ্য সাথীকে পূর্ণ সম্মান জানিয়ে তারা বিভিন্ন চিকিৎসায় স্বাস্থ্য সাথি কার্ড গ্রহন করছেন। সবমিলিয়ে শিলিগুড়ি ও তার পার্শ্ববর্তী এলাকায় মানুষের কাছে এখন হৃদয়ের হাসপাতাল হয়ে উঠেছে মহারাজা অগ্রসেন হাসপাতাল। ঠিক যেভাবে ইতিহাসের পাতায় কিংবদন্তি মহারাজা অগ্রসেন মানবদরদী একজন মানুষ হিসেবে চিহ্নিত হয়ে আছেন।

শিলিগুড়িতে মস্তিস্ক চিকিৎসায় বিপ্লবাত্মক নাম ডাঃ মলয় চক্রবর্তী

নিজস্ব প্রতিবেদন ঃ যখন তিনি ষষ্ঠ শ্রেনীতে পড়েন সেই সময়েই কলকাতার বি আর সিং রেলওয়ে হাসপাতালে তার বাবাকে অসমের তেজপুর থেকে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়েছিল , তিনি তখন পড়তেন তেজপুর বেঙ্গলি বয়েজ হাইস্কুলে। বাবা ছিলেন রেলের একজন স্টেশন মাস্টার। তেজপুরে তখন চিকিৎসা পরিষেবা উন্নত ছিলো না।

কলকাতার সেই রেল হাসপাতালে বাবার চিকিৎসার পর তিনি কার্যত একপ্রকার জেদের বশেই সেই হাসপাতালের দেওয়ালে লিখে আসেন--''ডাক্তার মলয় চক্রবর্তী--আমি একজন ডাক্তার হতে চাই। '' এরপর শুধু লড়াই আর লড়াই। পড়াশোনা আর পড়াশোনা, মগজকে প্রতিদিন শান দেওয়া। ১৯৬৬/১৯৬৭ সালের সেই ষষ্ঠ শ্রেনীর ছাত্র আজ সত্তর বছরে পৌঁছে উত্তর পূর্ব ভারতের বিখ্যাত নিউরোসার্জন হিসাবে একটি পরিচিত নাম। কিন্তু এখনো তাঁর লড়াই থেমে যায়নি।

তিনি শিলিগুড়ি শহর লাগোয়া ফুলবাড়িতে তৈরি করেছেন থ্যালামাস ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস যা মস্তিস্কে চিকিৎসার ক্ষেত্রে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের একটি হাসপাতাল বলেও তিনি উল্লেখ করেন।

সালটা ছিলো ১৯৯২। শিলিগুড়িতে সেই সময় কোনো নিউরোসার্জন নেই। দুর্ঘটনায় মাথার ভিতরে রক্তক্ষরন থেকে ব্রেন স্ট্রোক, ব্রেন টিউমার ইত্যাদি মস্তিস্ক বিষয়ক কোনো রোগ বা সমস্যা হলে সেই রোগীর মৃত্যু অবধারিত ছিলো। সেই সময় শিলিগুড়ি এসে যেন দেবদূতের মতো প্রতিভাবান নিউরোসার্জন ডাক্তার মলয় চক্রবর্তী একের পর এক মানুষকে বাঁচাতে থাকেন। আর রাজ্যের প্রয়াত মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের পরামর্শমতো তাঁর শিলিগুড়ি আসা। শিলিগুড়ি এসে তিনি শুনলেন এবং প্রত্যক্ষ করলেন , মস্তিস্কজনিত রোগ বা সমস্যার কারনে বহু মানুষ মারা যাচ্ছেন। তখন তিনি মানুষ বাঁচানোর ভাবনা থেকে এক মহানুভব ধ্যানধারনা নিয়ে শিলিগুড়িতেই থেকে যাওয়ার সিদ্ধান্ত নেন। আজ শিলিগুড়ি সহ উত্তর পূর্ব ভারত ,নেপাল, ভুটান, বাংলাদেশ মিলিয়ে মস্তিস্ক চিকিৎসার ক্ষেত্রে এক বিপ্লবাত্মক নাম ডাক্তার মলয় চক্রবর্তী।

কিন্তু কেন তিনি নিউরোসার্জারি নিয়ে বেশি পড়াশোনা করলেন, তার পিছনেও রয়েছে এক কাহিনী। তারই এক সহকর্মী মেধাবী ছাত্রীর মৃত্যু হয়েছিল দুর্ঘটনাজনিত মস্তিস্কের আঘাতে। তখন শ্মশান যাওয়ার পথে বিষয়টি তার মনে দাগ কাটে। তাঁর মনে বারবার প্রশ্ন দেখা দেয়, একজন ভালো নিউরোসার্জন নেই যিনি তাঁর এই সহকর্মীর চিকিৎসা করে তাঁকে সুস্থ করে তুলতে পারতেন। প্রকৃতপক্ষে তখনই তিনি মনে মনে সিদ্ধান্ত নিয়ে ফেলেন, নিউরোসার্জারি নিয়ে পড়াশোনা করবেন। কিন্তু একজন সফল নিউরোসার্জন হওয়ার পথে অনেক রাস্তা হাঁটতে হয়েছে তাঁকে। আজ তিনি ফুলবাড়িতে তৈরি করেছেন উত্তরপূর্ব ভারতের মধ্যে বিরাট একটি চিকিৎসা কেন্দ্র, থ্যালামাস ইন্সটিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস। আজ তিনি বহু নতুন প্রজন্মের ছেলেমেয়ের কাছে অনুপ্রেরনার মানুষ। তাঁর কথায়, থ্যালামাস এমন এক চিকিৎসা কেন্দ্র যা বিশ্ব মানের বললেও ভুল হবে না। তেমনই পরিকাঠামো সেখানে তৈরি করা হয়েছে। আধুনিক সব যন্ত্রপাতি সেখানে বসানো হয়েছে। গোটা হাসপাতাল ঝকঝকে তকতকে। ডাক্তার মলয় চক্রবর্তী তাঁর সারা জীবনের রোজগার এবং ঋন নিয়ে এই উন্নত মানের চিকিৎসা কেন্দ্র তৈরি করেছেন--থ্যালামাস ইন্সটিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস।

ডাক্তার না হয়েও শৈশব জীবনেই ডাক্তারির রিহার্সাল শুরু করেছিলেন এই চিকিৎসক

নিজস্ব প্রতিবেদন ঃ কারও কোনো অসুখ বা রোগ হলো--তার মানে তিনি রোগ যন্ত্রনায় কষ্ট পাচ্ছেন। কিভাবে সেই অসুস্থ মানুষকে রোগ যন্ত্রনা থেকে মুক্তি দেওয়া যায় সেই ভাবনা কার্যত তাঁর শৈশব থেকেই মনের মধ্যে চেপে বসেছিল। মনের মধ্যে একটি চ্যালেঞ্জ চেপে বসতো-- কিভাবে অসুস্থ মানুষকে কষ্ট থেকে মুক্তি দেওয়া যায়। যখন ডাক্তার হননি, তখনও যেমন ছিলো সেই চ্যালেঞ্জ -- আজ চিকিৎসক হয়েও রোগীকে রোগ যন্ত্রনা থেকে মুক্তি দেওয়ার চ্যালেঞ্জ নামক বিষয়টি মাথা থেকে সরে যায়নি।

এমনকি তাঁর জ্যেঠা , পিসি সবাই ছিলেন চিকিৎসক। তাঁর বাবাও ছিলেন একটি মাল্টি ন্যাশনাল কোম্পানির সেলস ম্যানেজার। ফলে চিকিৎসা, বিভিন্ন ওষুধের নাম শৈশব এবং কৈশোর জীবনেই মাথার মধ্যে প্রবেশ করে গিয়েছিলো। এমনকি বন্ধুবান্ধব কারও পেটে গ্যাস হচ্ছে,কারও পা-তে আঘাত লেগেছে -- কিভাবে সেই অসুস্থ যন্ত্রনা ক্লিষ্ট বন্ধুকে যন্ত্রনা থেকে মুক্তি দেওয়া যায় তারজন্য তিনি অনেক সময় কিছু কিছু ওষুধের টিপস বলে দিতেন। আর তাঁর টিপস মেনে চলার পর রোগ যন্ত্রনা থেকে মুক্তি পেয়ে যেতেন সেইসব বন্ধুবান্ধব। এভাবে নিজের বাড়িতে ডাক্তারি পরিমন্ডল , ডাক্তার বিধান চন্দ্র রায় ,ডাক্তার সুকুমার মুখার্জি সহ অন্য আদর্শবান চিকিৎসকদের জীবন দর্শন অনুসরন করতেন তিনি। সেই শৈশব কৈশোরের ডাক্তারির টুকিটাকি থেকে শেষমেষ ডাক্তারি পরীক্ষায় মেধা ও প্রতিভার স্বাক্ষর রাখা এবং সবশেষে আজকের বিখ্যাত চক্ষু বিশেষজ্ঞ হিসাবে সুনাম অর্জন করা।

শিলিগুড়ি বর্ধমান রোডের ঝংকার মোড়ে অবস্থিত বিখ্যাত এবং জনপ্রিয় চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার সুপ্রতীক ব্যানার্জীর এটাই হলো চিকিৎসক জীবনের জার্নি। আজ বিখ্যাত চিকিৎসক হলেও তাঁর মাথায় ঘুরপাক খেতে থাকে, কোনো রোগ বা অসুখকে চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করা। কোনো রোগী তাঁর কাছে আনকমন কোনো রোগ নিয়ে এলো, কিভাবে সেই রোগীকে রোগ যন্ত্রনা থেকে মুক্তি দেবেন বিষয়টি তাঁর কাছে চ্যালেঞ্জ হিসাবে মাথায় ঘুরতে থাকে। এমনকি রোগীকে ওষুধ দেওয়ার পরও রোগীর অবস্থার কতটা কি উন্নতি হলো সেই বিষয়টিরও তিনি ব্যক্তিগতভাবে খোঁজ নিতে থাকেন। শিলিগুড়ি বা উত্তরবঙ্গের বিভিন্ন প্রান্তে কারও কোনো চোখের জটিল সমস্যা হলে একবার অন্তত ডাক্তার সুপ্রতীক ব্যানার্জীকে দেখানো যায় কিভাবে সেই প্রশ্নটি আলোচনায় উঠে আসে। সেই অসাধারণ চক্ষু রোগ বিশেষজ্ঞ ডাক্তার সুপ্রতীক ব্যানার্জী নতুন প্রজন্মের চিকিৎসকদের উদ্দেশ্যে বলেন, চিকিৎসাকে পেশা হিসাবে গ্রহন করা, তার থেকে অর্থ রোজগার সেটা ঠিক আছে। কিন্তু সেবা বা মানবিক দৃষ্টিভঙ্গী অবশ্যই রাখতে হবে। তবে সেই চিকিৎসকের পেশা জীবনও দীর্ঘস্থায়ী হবে।

চিকিৎসক দিবস স্মরনে তিনি উল্লেখ করেন, ডাক্তার ও রোগীর সুস্থ সম্পর্ক টিকে থাকে বিশ্বাসের ওপর। সেই বিশ্বাসকে আজ আরও শক্ত করার শপথ নিতে হবে।

এই চক্ষু চিকিৎসা কেন্দ্রে কেন দলে দলে মানুষ ভিড় করছেন

নিজস্ব প্রতিবেদন ঃ দশ বছর আগে তাঁরা মাত্র তিন চারজন মিলে শিলিগুড়িতে চোখের চিকিৎসায় এক দিগন্ত আনার ভাবনা থেকে যাত্রা শুরু করেছিলেন, আজ চোখের অপারেশনের ক্ষেত্রে তাঁরা যে সাফল্য দেখিয়েছেন তা জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের বলেও তিনি উল্লেখ করেন। শিলিগুড়ি বর্ধমান রোডের ঝংকার মোড়ে অবস্থিত দ্য হিমালয়ান আই ইন্সটিটিউটের যাত্রা নিয়ে বলতে গিয়ে সেখানকার বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসক ডাক্তার সুপ্রতীক ব্যানার্জী বলেন, দশ বছরে তাঁরা পা দিতে চলেছেন আগামী বছর। শিশু থেকে বৃদ্ধ, চোখের চিকিৎসায় তাঁরা বহু আধুনিক চিকিৎসা নিয়ে এসেছেন শিলিগুড়িতে। নিয়ে এসেছেন আধুনিক যন্ত্রপাতি। পরিকাঠামোও বহুগুনে বৃদ্ধি পেয়েছে। চোখের সমস্ত রোগের আধুনিক চিকিৎসা দ্য হিমালয়ান আই ইন্সটিটিউটে শুরু হওয়ায় উত্তরবঙ্গের বিভিন্ন প্রান্ত, এমনকি প্রতিবেশী রাজ্য দেশগুলো থেকেও বহু মানুষ এখন দলে দলে ভিড় করছেন এই চক্ষু চিকিৎসা কেন্দ্রে।

ডাক্তার ইজাহার গড়ছেন মানবিক চিকিৎসক

নিজস্ব প্রতিবেদন ঃ উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে এম বি বি এস পাশ করেছেন এই চিকিৎসক। নাম ডাক্তার ইজাহার আন্সারি। কিন্তু ডাক্তারি পাশ করে তিনি দিব্যি চেম্বার খুলে কিংবা কোনো হাসপাতালে চাকরি নিয়ে অথবা কোনো নার্সিং হোম খুলে দিনরাত অর্থের পিছনে ছুটে সোনার খাটে ঘুমোতে পারতেন। কিন্তু না, আর দশজন চিকিৎসকের মতো সেই রাস্তায় তিনি হাঁটলেন না। তিনি এম বি বি এস পাশ করে স্থির করলেন, ভালো ডাক্তার তৈরির কোচিং সেন্টার খুলবেন।

তিনি ডাক্তারি পড়তে গিয়ে দেখলেন, এক জায়গায় খাওয়ার বন্দোবস্ত, এক জায়গায় ঘুমোনোর বন্দোবস্ত, এক জায়গায় ক্লাস করানোর বন্দোবস্ত -- একেকটি একেকজায়গায় হওয়ার ফলে অনেক সময় নষ্ট হয়।এম বি বি এসের প্রস্তুতি বা মনঃসংযোগেও ব্যাঘাত ঘটে। তাই তিনি স্থির করলেন, ডাক্তার হওয়ার পরীক্ষা নিট কোয়ালিফাই করার জন্য তিনি এমন একটি রেসিডেন্সিয়াল কোচিং সেন্টার খুলবেন যেখানে এক ছাতার তলায় সব বন্দোবস্ত থাকবে। ২০১২ সালে তা শুরুও করলেন। ২০১২ থেকে ২০২৫, এই কয়েকবছরে তাঁর তৈরি ডক্টর্স জোন এমন সুনাম অর্জন করেছে নিট কোয়ালিফাই করার জন্য আজ সমগ্র উত্তরবঙ্গ, সিকিম, বিহার , ঝাড়খন্ড সব বিভিন্ন রাজ্য থেকে ছেলেমেয়েরা সেখানে আসছে আর প্রশিক্ষন নিয়ে নিটে সফল হচ্ছে।

শিলিগুড়ি উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল লাগোয়া মেডিক্যাল মোড়ের পাশে রয়েছে সেই ডক্টর্স জোন। কদমতলার সন্ন্যাসী মন্দির লাগোয়া এলাকাও বলতে পারেন। সেখানকার ডিরেক্টর ডাক্তার ইজাহার আন্সারির এই বৃহৎ মানসিকতার তারিফ কিন্তু আজ সকলেই করছেন। গরিব ভ্যান চালক, কৃষক, জনমজুর, মুড়ি বিক্রেতা, টোটো চালকের ছেলেমেয়েরা জীবনে ডাক্তার হওয়ার স্বপ্ন দেখলেও টাকা না থাকায় পিছিয়ে পড়েন।মেধা থাকলেও তাদের ডাক্তারির স্বপ্ন স্রেফ চোখের জলে ধুয়ে যায় অর্থের অভাবে। কিন্তু ডিরেক্টর ডাক্তার ইজাহার আন্সারির মহানুভবতা সেই সব অনগ্রসর মানুষের পরিবারে চোখের জল মুছে আজ হাসির ঠিকানায় পরিবর্তিত হয়েছে। ডাক্তার ইজাহার আন্সারি বলেন,'' আমিও কষ্টের মধ্যে ডাক্তারি পড়েছি। সেই সব আর বিশদভাবে বলছি না। তাই আমি বুঝি গরিবের দুঃখ। মেধা আছে অথচ টাকার অভাবে ডাক্তার হতে পারছে না, আমার ডক্টর্স জোনে পাঠিয়ে দিন। টাকাটা কোনো বিষয় নয়, আলোচনা করে আমরা সমাধানের রাস্তা দেখিয়ে দেবো। আমাদের এখান থেকে বিগত কয়েকবছর ধরে বহু হতদরিদ্র অনগ্রসর পরিবারের ছেলেমেয়ে কোচিং নিয়ে নীটে সফল হয়েছে এবং আজ ডাক্তার হয়ে তাঁরা তাদের পরিবারের মুখে হাসি ফুটিয়ে চলেছে। আর সকলকেই আমরা মানবিক মূল্যবোধ বা মনুষ্যত্বের শিক্ষা দিই। ফলে সেই সব ছেলেমেয়েরা এখান থেকে শিক্ষা নিয়ে আজ ডাক্তার হয়ে সমাজেও অবদান রাখছে।

ডাক্তার ইজাহার আন্সারি আরও বলেন, এই জীবনে সময় খুব কম, সংক্ষিপ্ত জীবন। এরমধ্যেই আমাদের সকলকে কিছু করে দেখাতে হবে।

চিকিৎসক ডাক্তার ইজাহার আন্সারির এই বৃহৎ মানসিকতা বা মহানুভবতার তারিফ করছেন বহু মানুষ। নিটের পরীক্ষার জন্য যেভাবে ডক্টর্স জোনের তালিম নিয়ে ছেলেমেয়েরা সফল হচ্ছেন তা কিন্তু গোটা দেশেই নজির সৃষ্টি করছে।

ডক্টর্স জোনে তৈরি হচ্ছে আগামী দিনের মানবসেবী ডাক্তার

নিজস্ব প্রতিবেদন ঃ উত্তর দিনাজপুর জেলার চোপড়া থানার গ্রামে বাড়ি কৃষক খইরুল ইসলামের। রোদে পুড়ে জলে ভিজে জমিতে চাষবাস করেন খইরুল। লেখাপড়া তেমন জানেন না, কিন্তু ভালো ফসলের আশায় জমিতে যেভাবে হাড়ভাঙা পরিশ্রম করে বীজ বপন করেন তেমনভাবেই চান তাঁর দুই পুত্র সন্তান যেন ভবিষ্যতে চিকিৎসক হয়ে আগে সমাজের সেবা বেশি করে করেন। প্রথমে গ্রামের সেবা , তারপর মানুষের সেবা, তারপর অর্থ রোজগার। ডাক্তার হয়ে অর্থ রোজগারটাই যাতে মুখ্য বিষয় হয়ে না দাঁড়ায় সেই পরামর্শ কৃষক খইরুল তাঁর দুই পুত্র সন্তানকে বারবার দিয়ে যাচ্ছেন। ইতিমধ্যে এক সন্তান এম বি বি এস পড়ছেন, আরেক সন্তান রোশন আলম এবার নীটে সফল হয়েছেন।

বাবার পরিশ্রম এবং সেই দর্শন যাতে বৃথা না যায় তা মাথায় রেখেছেন রোশন। ভবিষ্যতে মানুষের মস্তিস্ক বা নিউরো সায়েন্স নিয়ে গভীরভাবে পড়াশোনা করে গবেষণাও করতে চায় রোশন। তবে ডাক্তার হয়ে অবশ্যই প্রধান উদ্দেশ্য হবে , মানুষ্যত্ব বা মানুষের সেবা করা।

আলিপুরদুয়ার জেলার মাদারিহাট ব্লকের তরুনী বিলকিস আহমেদও এ বছর নীট পরীক্ষায় সফল হয়েছে। বিলকিসের বাবা বসির আহমেদও একজন কৃষক। বিলকিসের কথায়, মানুষের সেবা করার ভাবনা থেকে অনেকদিন ধরে তাঁর ডাক্তারি পড়ার স্বপ্ন শুরু হয়। এবার সেই স্বপ্ন বাস্তবে রুপ নিতে চলেছে। মানুষের সরাসরি সেবার করার জন্য ডাক্তারি একটি গুরুত্বপূর্ণ পেশা বলে উল্লেখ করেন বিলকিস।

শিলিগুড়ি দার্জিলিং মোড় নিবাসী বিকাশ শা বেশ কিছুদিন ধরে ওষুধের দোকান করে। ফার্মেসিতে তাঁর ডিপ্লোমা করাও আছে।নিজে ওষুধের দোকান চালানোর পাশাপাশি বিকাশের ইচ্ছে ডাক্তার হওয়ার। এবার সে নীট পরীক্ষায় সফল হয়েছে।

এভাবে সোনি খাতুন, সঞ্জীদা আনজাম, মুসারত পারভীন সহ আরও অনেকে ডক্টর্স জোন থেকে কোচিং নিয়ে নিটে সফল হয়েছে। শিলিগুড়ি মেডিকেল মোড়ের কাছে কদমতলার সন্ন্যাসী মন্দিরের পাশে অবস্থিত ডক্টর্স জোন কোচিং সেন্টার। সেখানকার ফিজিক্সের শিক্ষক শেখ সামসুল হোদা এবং প্রজেক্ট ম্যানেজার পঙ্কজ ঝা বলেন, তাদের ডক্টর্স জোন রেসিডেন্সিয়াল কোচিং সেন্টার থেকে তালিম নিয়ে এবারও অনেকেই নিটে সফল হয়েছে। এরমধ্যে তাঁরা আশা করছেন ১৫/১৬জন এম বি বি এসে ভর্তি হওয়ার সুযোগ পাবে। প্রতিবছরই ডক্টর্স জোনের কোচিং নিয়ে বহু ছেলেমেয়ে সফল হচ্ছে। এবারও তার ব্যতিক্রম হয়নি। ডক্টর্স জোনে সুন্দর হস্টেল সুবিধা রয়েছে। কিভবে নিটেব প্রস্তুতি নিতে হবে, কোথায় কে পিছিয়ে পড়ছে, কেন পিছিয়ে পড়ছে, কি করলে সে এগিয়ে যাবে সেসবের

একেবারে খুঁটিনাটি সব কিছু ভালো করে বুঝে নিয়ে সমাধানের রাস্তা দেখানো হয়। এছাড়াও নিটে সফল হয়ে ভবিষ্যতে শুধু ডাক্তার হওয়াই নয়, নৈতিকতা কতটা ভিতরে রয়েছে, সেবার মনোভাব আছে কিনা, মূল্যবোধ বা মনুষ্যত্ব আছে কিনা ভিতরে, সেসবের দিকটিও গুরুত্ব সহকারে প্রশিক্ষন দেওয়া হয়। ফলে ডক্টর্স জোন ক্রমশই জনপ্রিয় হয়ে উঠছে বিভিন্ন মহলে।বিশেষ করে আর্থিক দিক থেকে যাঁরা অনগ্রসর, যাঁরা জনমজুর, কৃষক তাদের ছেলেমেয়েরাও যাতে সহজে ডাক্তার হওয়ার স্বপ্ন বাস্তবায়িত করতে পারে তারদিকেও বিশেষ নজর রেখেছেন ডক্টর্স জোন কর্তৃপক্ষ। সেই কোচিং সেন্টারের ডিরেক্টর ডাক্তার ইজাহার আন্সারিরর বৃহৎ মনের ভাবনা থেকেই জন্ম এই কোচিং সেন্টারের। বহু দিনমজুরের ছেলেমেয়েরা এখন সহজেই ডক্টর্স জোনে কোচিং নিয়ে নিটে সফল হয়ে ডাক্তার হওয়ার স্বপ্ন বাস্তবায়িত করছে যা গোটা দেশের মধ্যে নজির তৈরি করছে।

এবারে ডক্টর্স জোনের থেকে কোচিং নিয়ে যাঁরা নিটে সফল হয়েছে সেই সব ছাত্রছাত্রী এবং অভিভাবকরা সকলেই ডক্টর্স জোনের অসামান্য অবদানকে বারবার ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাতে এদিন ভোলেননি।বিশেষ করে গরিব কৃষক,জনমজুর সহ হতদরিদ্র অনগ্রসর মানুষের কাছে ডক্টর্স জোন যেন এক নতুন বিপ্লবাত্মক নাম।

মোবাইলের অতিরিক্ত ব্যবহার আমাদের জীবনে অন্ধকার ডেকে আনছে

নিজস্ব প্রতিবেদন ঃ চোখ শরীরের গুরুত্বপূর্ণ অঙ্গ। আজকের দিনে শরীরের যতগুলো অঙ্গ রয়েছে তারমধ্যে সবচেয়ে বেশি ব্যবহার বেড়ে গিয়েছে চোখের। কারন মোবাইল ফোন। মোবাইল ছাড়া এখন কারুরই একমুহূর্ত চলে না। মোবাইল ছাড়া আমরা যেন সবকিছু অন্ধকার দেখি। কিন্তু সেই জীবন-সঙ্গী মোবাইলটির অতিরিক্ত ব্যবহার যে আমাদের জীবনে অন্ধকার ডেকে আনছে তার কি কোনো খবর আমরা রাখি ?বিশেষ করে শিশু থেকে কিশোর কিশোরী, তাদের অতিরিক্ত মোবাইল ব্যবহার ডেকে আনছে মায়োপিয়া। শিলিগুড়ি বর্ধমান রোডের ঝংকার মোড়ে অবস্থিত দ্য হিমালয়ান আই ইন্সটিটিউটের বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসক ডাক্তার শ্রীমতী স্নেহা বাত্রা বলেন, সবসময় কাছের জিনিস দেখতে দেখতে মাইনাস পাওয়ার বাড়ছে চোখের। অবস্থা এমন হয়েছে যে ছেলেমেয়েদের কথা চিন্তা করে তাদেরকে মায়োপিয়া ক্লিনিক খুলতে হয়েছে।

একদিকে যেমন ভয়ানকভাবে মাইনাস পাওয়ার বাড়ছে তেমনই চোখের মধ্যে অস্বস্তি বাড়ছে, চোখ লাল হয়ে পড়ছে। মোদ্দা কথা চোখ ক্লান্ত হয়ে পড়ছে। তাই এ বিষয়ে বিশেষ সচেতনতা প্রয়োজন। দ্য হিমালয়ান আই ইন্সটিটিউট মায়োপিয়া ক্লিনিকের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

শিলিগুড়িতে চিকিৎসা বিপ্লবের গুরুত্ব পূর্ণ নায়ক

নিজস্ব প্রতিবেদন ঃ ১৯৫৫ সালের ১৬ই জুন তাঁর জন্ম। সেই হিসাবে এখন তাঁর বয়স ৭১ বছর। জন্মস্থান অসমের বঙ্গাইগাঁও লাগোয়া বিজলি এলাকায়। ছেলেমেয়েরা সকলেই চিকিৎসক। বড় ছেলে ডাক্তার ময়ঙ্ক চক্রবর্তী নিউরোসার্জন, ছোট ছেলে ডাক্তার মৈনাক চক্রবর্তী অর্থোপেডিক সার্জন, আর মেয়ে তন্নিষ্ঠা প্লাস্টিক সার্জন। ছেলেমেয়েদের বড় করে তোলা সহ সমগ্র পরিবারের জন্য তাঁর স্ত্রী কাবেরি চক্রবর্তীর বিরাট আত্মত্যাগ রয়েছে। উত্তর পূর্ব ভারতের বিখ্যাত এবং জনপ্রিয় নিউরোসার্জন ডাক্তার মলয় চক্রবর্তীর অজানা গল্পগুলোর মধ্যে এসব বিশেষভাবে উল্লেখযোগ্য। এই কারনে এসব উল্লেখযোগ্য যে নিউরোসার্জন হওয়ার কিছুদিন পর শিলিগুড়ি এসে তিনি যখন কাজ শুরু করেন তখন শিলিগুড়িতে নিউরোসার্জন বলতে কেউই প্রায় ছিলেন না। ফলে দিনরাত পরিশ্রম করতে হয়েছে ডাক্তার মলয় চক্রবর্তীকে। ব্রেন স্ট্রোক, মস্তিস্কে রক্তক্ষরন, ব্রেন টিউমার সহ মস্তিস্কের গুরুতর সমস্যা নিয়ে ভুগতে থাকা অসংখ্য মুমুর্ষ রোগীর প্রান তিনি বাঁচিয়েছেন।

একজন চিকিৎসক কিভাবে সমাজের জন্য অবদান রাখেন তার বিরাট উদাহরন মলয় চক্রবর্তী। তিনি দিনরাত রোগী পরিষেবা নিয়ে ব্যস্ত থাকায় ছেলেমেয়েদের পিছনে একসময় সময় কম দিয়েছেন। সকালে তিনি যখন রোগী দেখতে বাড়ি থেকে বের হতেন তখন ছেলেমেয়েরা স্কুলে যেতো, আবার রাতে তিনি যখন রোগী পরিষেবা দিয়ে বাড়ি ফিরেছেন তখন দেখেছেন ছেলেমেয়েরা ঘুমিয়ে পড়েছে।এভাবে রোগী পরিষেবা নিয়ে অধিকাংশ সময় ব্যস্ত থাকাতে

সামাজিক অনুষ্ঠান, উৎসব ইত্যাদিতেও সেভাবে অংশ নিতে পারেননি। আসলে স্বামী বিবেকানন্দের আদর্শকে সামনে রেখে কর্মই ধর্ম এবং মানব সেবার ব্রতকে গ্রহন করে নিয়েছেন হৃদয় থেকে। তাই ৭১ বছর বয়সে পৌঁছেও দিনরাত রোগী রোগীদের সেবার কাজ থেকে একচুলও পিছিয়ে আসেননি।বয়সের কারনে এখন একটু কষ্ট হয় বইকি কিন্তু হেরে যেতে রাজি নন।

বলা চলে উত্তর পূর্ব ভারতের নিউরো চিকিৎসা জগতে তিনি একটি ব্যতিক্রমী নাম। কিন্তু কেন এতো পরিশ্রম, পরিস্কার জবাব ডাক্তার মলয় চক্রবর্তীর,'যা কিছু দেখছেন সব কিছু অস্থায়ী। সবাই সব কিছু ভুলে যাবে। কিন্তু কোনো মানুষের জন্য আপনি মনপ্রাণ ঢেলে কিছু করলে সেই মানুষটি অন্তত মন বা বিবেক থেকে আপনাকে মনে রাখবে। " কর্মজীবনে চলার পথে অনেক আঘাত, ব্যথা পেয়েছেন। কিন্তু নিজের পেশায় সেবামূলক কাজ থেকেসরে আসেননি। নিজেই তিনি বলেন,' বহু মুমুর্ষ রোগীকে সুস্থ করে বাড়ি পৌঁছে দিতে পেরে মনে আনন্দ হয়েছে। কিন্তু আবার মনের দুঃখও পেয়েছেন যখন কোনো রোগীকে বাঁচাতে পারেননি শত চেষ্টা করেও। "

তবে শেষ বয়সে এসে একটি বিষয়ে তাঁর মনে সান্তনা যে সারা জীবন ধরে বহু মৃত্যুপথযাত্রী মানুষকে সুস্থ করে জীবনের মূল স্রোতে ফিরিয়ে দিতে পেরেছেন। আর থ্যালামাসের মতো বিরাট পরিকাঠামোযুক্ত আন্তর্জাতিক মানের একটি উন্নত চিকিৎসা কেন্দ্র শুরু করতে পেরেছেন শিলিগুড়িতে যা আগামীতে বহু মানুষের সেবায় আরও বেশি বেশি করে কাজে আসবে। আর নতুন প্রজন্মের চিকিৎসকরাও এতো সুন্দর পরিকাঠামোযুক্ত চিকিৎসা কেন্দ্র পেয়ে বেশ খুশি হবে।

শিলিগুড়িতে নাইরোবি ফ্লাইয়ের হানা, কি বলছেন চক্ষু বিশেষজ্ঞ

নিজস্ব প্রতিবেদন ঃ একদিকে গরমের অনুভূতি হচ্ছে, আরেকদিকে বর্ষকাল চলছে। এইসময় কিন্তু বিষাক্ত পোকা নাইরোবি ফ্লাই এর আবির্ভাব হয়। এবারেও তা শুরু হয়েছে। বিষাক্ত নাইরোবি ফ্লাই যদি কারও চোখে বসে তো ভয়ঙ্কর ব্যাপার। চোখের জ্বালাপোড়া থেকে শুরু করে চোখের বড় ক্ষতি হওয়ার সম্ভাবনা। শিলিগুড়ি বর্ধমান রোডের ঝংকার মোড়ে অবস্থিত দ্য হিমালয়ান আই ইন্সটিটিউটের বিশিষ্ট বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসক ডাক্তার সুপ্রতীক ব্যানার্জী জানিয়েছেন, এ বছর ইতিমধ্যে কয়েকজনরোগী ইতিমধ্যে তিনি পেয়েছেন।তাদের চোখে আক্রমন চালিয়েছে নাইরোবি ফ্লাই। ফলে এখনই সতর্কতা প্রয়োজন।রাতে সকলকে মশারি টাঙিয়ে ঘুমোনোর পরামর্শ দিয়েছেন তিনি। শিলিগুড়িতে বায়ু দূষন বৃদ্ধি পাওয়ায় বাতাসে কার্বন নিঃসরন বাড়ছে। যানবাহনও বাড়ছে।ফলে বহু মানুষের চোখ জ্বালা করছে। তাই গগলস ব্যবহারের পরামর্শ দেন এই বিশেষজ্ঞ চিকিৎসক।



চিকিৎসা শুধু পেশা নয়, এক সামাজিক দায়িত্ব-- শিলিগুড়ির ডাঃ আশুতোষ ঘোষের মানবিক উদ্যোগ

নিজস্ব প্রতিবেদন ঃ শিলিগুড়ির এনজেপি ভক্তিনগরে অবস্থিত ঘোষ নার্সিং হোম চিকিৎসা পরিষেবার ক্ষেত্রে এক আলাদা পরিচিতি গড়ে তুলেছে। অত্যন্ত কম খরচে সাধারণ মানুষের নাগালের মধ্যে চিকিৎসা পরিষেবা দেওয়ার ক্ষেত্রে এই নার্সিং হোম এখন অনেকেরই ভরসার জায়গা। নার্সিং হোমটির কর্ণধার চিকিৎসক ডাঃ আশুতোষ ঘোষ, যিনি এম বি বি এস পাশ করে চিকিৎসাকে শুধু পেশা নয়, সামাজিক দায়িত্ব হিসেবে গ্রহন করেছেন।

ডাক্তার ঘোষের নার্সিং হোমে বেড চার্জ থেকে শুরু করে চিকিৎসা ব্যয় সবই রাখা হয়েছে সাধারণ মানুষের সাধ্যের মধ্যে। তাই এলাকার অসংখ্য মানুষ এখানে সুলভ মূল্যে চিকিৎসা পরিষেবা পাচ্ছেন।

চিকিৎসক দিবস উপলক্ষ্যে ডাক্তার আশুতোষ ঘোষ জানিয়েছেন, পয়লা জুলাই তারিখে ঘোষ নার্সিং হোমে ভর্তি থাকা সমস্ত রোগীদের মধ্যে ফল ও মিস্টি বিতরন করা হবে। তবে এটাই তাঁর একমাত্র মানবিক উদ্যোগ নয়। পূর্বেও বহুবার তাঁকে দেখা গেছে , শিলিগুড়ির আশেপাশের চা-বাগান অঞ্চলে গিয়ে গরিব-অসহায় মানুষদের নিখরচায় চিকিৎসা পরিষেবা দিতে, এমনকি নিজের খরচে ওষুধ বিতরন করতেও।

ডাক্তার ঘোষ নিজে প্রচারের আলোয় আসতে চান না, বরং নিঃশব্দে সমাজসেবায় বিশ্বাসী। তবে তাঁর এই মানবিক মুখের প্রশংসায় সরব হয়ে উঠেছে স্থানীয় মানুষজন। বহু গরিব রোগী জানিয়েছেন, ঘোষ নার্সিং হোম না থাকলে তাঁরা হয়তো সময়মতো চিকিৎসা পেতেন না। ঘোষ নার্সিং হোমে বর্তমানে যেসব চিকিৎসা পরিষেবা পাওয়া যায় সেগুলির মধ্যে রয়েছে-- মেডিসিন, জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি, গাইনী ও অবস্টেট্রিক্স, পেডিয়াট্রিকস, অর্থোপেডিক এবং অনকোলজি। ডাক্তার ঘোষের মতো মানবিক চিকিৎসকের উপস্থিতি সমাজে চিকিৎসা ব্যবস্থার প্রতি এক নতুন আশার আলো দেখাচ্ছে।

চোখে আলো, প্রাণে আশা-- শিলিগুড়ি-করতোয়া-কোচবিহারে লায়ন্স ক্লাবের চোখ ও রক্তসেবায় অভিনব দৃষ্টান্ত।

নিজস্ব প্রতিবেদন ঃ লায়ন্স ক্লাবের তত্বাবধানে শিলিগুড়ি, করতোয়া এবং কোচবিহার মিলিয়ে তিনটি চক্ষু হাসপাতাল চলছে। সেই সব চোখের হাসপাতালে কুড়ি জন চক্ষু বিশেষজ্ঞ কাজ করছেন। চোখের ছানি অপারেশন ছাড়াও গ্লুকোমা, রেটিনা সহ অন্য চোখের রোগের চিকিৎসা হয় লায়ন্সের হাসপাতালগুলোতে। গত একবছরে লায়ন্সের এই আই হাসপাতালগুলোতে মোট ৩৪ হাজার চোখের অপারেশন হয়েছে। অধিকাংশই ছানি অপারেশন। এরমধ্যে ২৬ হাজার ছানি অপারেশন হয়েছে বিনামূল্যে। শিলিগুড়ি গ্রেটার লায়ন্স আই হাসপাতালের চেয়ারম্যান লায়ন সুরেশ সিনহল জানিয়েছেন, চোখের ছানি বিনামূল্যে অপারেশন করে তাঁরা রোগীদের তিনদিন রেখে বাড়ি বাড়ি পৌঁছে দিচ্ছেন। আগামী এক বছরে ৪৬ হাজার চোখের অপারেশন করার কর্মসূচি তাঁরা গ্রহন করেছেন।

সুরেশবাবু লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনালের পূর্ববর্তী ডিস্ট্রিক্ট গর্ভনর। তিনি আরও জানিয়েছেন, বিভিন্ন শাখা সংগঠনের মাধ্যমে সারা বছর ধরেই তাদের সেবামূলক নানান কর্মসূচি চলতে থাকে। এরমধ্যে একটি গুরুত্বপূর্ণ হলো চিকিৎসা সংক্রান্ত সেবা।

লায়ন্স ক্লাবের তত্বাবধানে শিলিগুড়িতে দুটি ব্লাড ব্যাঙ্ক চলছে। একটি শিলিগুড়ি তরাই লায়ন্স ব্লাড ব্যাঙ্ক অপরটি লায়ন্স ম্যাগনাম। গত একবছরে লায়ন্সের এই দুটি ব্লাড ব্যাঙ্কের মাধ্যমে তাঁরা ৭৫০টি রক্তদান শিবির এর আয়োজন করেছেন। প্রতিদিন বিভিন্ন হাসপাতালে তাঁরা দেড়শ থেকে পৌনে তিনশ ইউনিট রক্ত সরবরাহ করতে পারছেন মুমূর্ষ রোগীদের। আগে ছিলো যে বহু হাসপাতালে রক্ত সঙ্কটের জেরে অনেকের অপারেশন পিছিয়ে দেওয়া হোত, এখন তা হচ্ছে না।

শেষ শ্বাস নয় , নতুন শুরু -- আপনার চোখে ফুটুক অন্যের জীবনের আলো

নিজস্ব প্রতিবেদন ঃ মৃত্যুর পর আবার মানুষ বেঁচে থাকতে পারে নাকি? প্রশ্নটি শুনলে সবাই একবাক্যে জবাব দিয়ে থাকেন, “ না, মৃত্যুর পর কোনো মানুষ বেঁচে থাকতে পারে না। মৃত্যুর পর হয় মানুষটির মরদেহ জ্বালিয়ে দেওয়া হয় অথবা কবরে তাঁকে দেওয়া হয়। ” কিন্তু যদি বলা হয়, মৃত্যুর পরও সেই মানুষ বেঁচে থাকতে পারে? প্রশ্ন করা হলে অনেকেই প্রশ্ন কর্তাকে পাগল ইত্যাদি বলে উপহাস করতে পারেন।

কিন্তু পারেন, মৃত্যুর পরও আপনি বেঁচে থাকতে পারেন। কিন্তু কিভাবে? পারেন আপনার মহানুভবতার মাধ্যমে।

বিষয়টি ভেঙেই বলা যাক ।আপনি বেঁচে থাকতে পারেন আপনার মহানুভব কর্মের মাধ্যমে। যেমন আপনি আপনার চোখটি দান করে থাকলে আপনার চোখের মাধ্যমে একজন দৃষ্টিহীন ব্যক্তি পৃথিবীর আলো দেখতে পারে। এভাবে আপনি আলো জ্বালাতে পারেন। আপনি আপনার দেহটি দান করে গেলে সেই দেহটি চিকিৎসা বিজ্ঞানের ছাত্রছাত্রীদের ব্যবহারিক শিক্ষা প্রদানে কাজে লাগতে পারে। এভাবে মৃত্যুর পরেও আপনি এই সমাজে হতে পারেন আলো দেখানোর এক ব্যতিক্রমী কর্মী।

শিলিগুড়ি গ্রেটার লায়ন্স আই হাসপাতালের চেয়ারম্যান লায়ন সুরেশ সিনহল জানাচ্ছেন, কোনো মানুষের মৃত্যুর পর তার চোখের মনি বা কর্নিয়া ছয় ঘন্টা পর্যন্ত ভালো থাকে। ক্যান্সার বা অন্য কোনো জটিল রোগে যদিও কারও মৃত্যু না হয় তবে তাদেরকে চক্ষু দানের খবর দেওয়া হলে তাদের টিম দ্রুত মৃত ব্যক্তির কাছে পৌঁছে সামান্য সময়ের মধ্যে চোখের মনি সংগ্রহ করে একজন দৃষ্টিহীন মানুষের চোখে তা প্রতিস্থাপন করে থাকেন। এভাবে একজন মৃত মানুষ দুটি চোখ দান করে থাকলে দুজন দৃষ্টিহীন মানুষ পৃথিবীর আলো দেখতে পারে। আর দৃষ্টি ফিরে পাওয়া সেই সব মানুষের চোখের মধ্যে দিয়ে সেই মৃত ব্যক্তি পৃথিবীতে বেঁচে থাকতে পারেন। বছরে এভাবে ৭০/৮০ জন দৃষ্টিহীন ব্যক্তি লায়ন্স আই হাসপাতালের তত্বাবধানে দৃষ্টি শক্তি ফিরে পাচ্ছেন। এখনো বহু দৃষ্টিহীন মানুষ তাদের কাছে চোখের জন্য আবেদন করে লাইনে দাঁড়িয়ে আছেন। যেসব মৃত ব্যক্তির চোখের মাধ্যমে দৃষ্টিহীনেরা দৃষ্টি ফিরে পাচ্ছেন সেই সব মৃত ব্যক্তির পরিবারকে তাঁরা সংবর্ধনা প্রদান করছেন। যদিও আইন অনুযায়ী মৃত ব্যক্তির নাম তাঁরা কাওকে প্রকাশ করেন না, বিষয়টি গোপন রাখা হয়। আর আইন অনুযায়ী এই মহানুভব কাজে কোনোরকম টাকাপয়সার লেনদেন চলে না। এমনকি মৃত ব্যক্তির মনি সংগ্রহ থেকে তা প্রতিস্থাপন এই কাজের জন্য লায়ন্স আই হাসপাতালও কোনোরকম টাকাপয়সার লেনদেন করে না। সবটাই হয় বিনামূল্যে। চোখ দান একটি অতীব মহৎ দান, এই কাজে কোনো টাকাপয়সার লেনদেন চলতে পারে না। এখন মানুষ বেশি করে এ বিষয়ে সচেতন হলে এবং মনকে মহানুভবতার স্তরে নিয়ে যেতে পারলে আরও বেশি করে দৃষ্টিহীন মানুষ পৃথিবীর আলো দেখতে পারবে। মৃত ব্যক্তির পরিবারকেও এ বিষয়ে সচেতন হতে হবে। আপনার এই শরীর একদিন পঞ্চভূতে বিলীন করে দেওয়াই শ্রেয় নাকি মৃত্যুর পরেও নিঃস্বার্থভাবে অকৃত্রিম সেবার মাধ্যমে আপনি এই পৃথিবীতে বেঁচে থাকতে চান আরও বহুদিন, বছরের পর বছর। আপনার শরীর নামক মোমবাতি ক্রমশ গলছে, একদিন মোমবাতি নিভে যাবে--কিন্তু নিভে গিয়েও তো অন্যের শরীরে অন্যরকম মোমবাতি হিসাবে আপনি আলো ছড়াতে পারেন? কোনটা ভালো?



বিজ্ঞান ও প্রযুক্তি দিনকে দিন ক্রমশ উন্নততর হচ্ছে। অতএব আপনার চিন্তাভাবনাও কেন নতুন আলোয় প্রজ্জ্বলিত হবে না?

চিকিৎসক দিবসের আগে ডাঃ পার্থপ্রতিমকে সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদন ঃ চিকিৎসা শুধু পেশা নয়, সমাজসেবার এক অন্তহীন ব্রত। এই ব্রতকে সারা জীবনের সাধনায় পরিনত করেছেন ডুয়ার্সের বানারহাটের এক নিরলস কর্মযোদ্ধা--ডাক্তার পার্থপ্রতিম। হোমিওপ্যাথি চিকিৎসার পাশাপাশি তিনি ডুয়ার্সের আদিবাসী অধ্যুষিত চা-বাগান অঞ্চল জুড়ে ছড়িয়ে দিয়েছেন বিজ্ঞানমনস্কতা, স্বাস্থ্য সচেতনতা এবং কুসংস্কারবিরোধী মানসিকতা।

এই অসামান্য মানবিক ও সামাজিক অবদানের স্বীকৃতি স্বরূপ ২০২৫ সালের পয়লা জুলাই চিকিৎসক দিবসের আগে খবরের ঘন্টার পক্ষ থেকে তাঁকে সংবর্ধনা প্রদান করা হয়েছে তাঁর বানারহাটের বাড়িতে গিয়ে।

এক ঝলকে তাঁর প্রাপ্ত সম্মান ও কৃতিত্বসমূহ ঃ

১৯৮১ সালে জাতীয় স্তরের ন্যাশনাল সায়েন্স এক্সিবিশন ফর চিল্ড্রেন এ অংশগ্রহন।

একই বছরে রাজ্য স্তরে জওহর শিশু ভবন আয়োজিত বিজ্ঞান প্রদর্শনীতে অংশগ্রহন।

১৯৮৫ ও ১৯৮৬ সালে পশ্চিমবঙ্গ সরকারের যুব কল্যান দপ্তর কর্তৃক দুই বার সার্টিফিকেট অফ মেরিট।

১৯৮৬তে আলিপুরদুয়ার নেচার ক্লাব আয়োজিত এডভেঞ্চার কাম নেচার স্টাডি ক্যাম্পে অংশগ্রহন।

জলপাইগুড়ি সায়েন্স অ্যান্ড নেচার ক্লাব থেকে অভিজ্ঞতার প্রশংসাপত্র (১৯৮৬)

অখিল ভারত বিজ্ঞান প্রদর্শনী,১৯৮৬(পশ্চিমবঙ্গ সরকার)

একাদশ সর্ববঙ্গ বিজ্ঞান ও শিল্প শিবির, ১৯৮৭ (দ্য সায়েন্স অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল)

১৯৮৮ সালে বিশ্ব পরিবেশ দিবসে সার্টিফিকেট অফ মেরিট এবং একই বছরে বিজ্ঞান সাংবাদিকতা ও মিডিয়া প্রশিক্ষন সম্পন্ন।

ইস্টার্ন ইন্ডিয়া সায়েন্স ক্লাব এসোসিয়েশন কর্তৃক সার্টিফিকেট অফ অনার।

২০১৯ সালে বঙ্গ গৌরব সম্মান (ভারতের স্বাধীনতা আন্দোলনে বাঙালি সংস্কৃতির অবদান বিষয়ক কর্মে)

২০২৪ এ এডুলাইট এক্সিলেন্স এওয়ার্ড (হিউম্যান লাইফ রিসার্চার এন্ড এডুকেটর)

এবং ২০২৫ সালে ডঃ সি ভি রামন মেমোরিয়াল এওয়ার্ড প্রাপ্ত ।

ডাঃ পার্থপ্রতিম শুধুমাত্র ওষুধের মাধ্যমে নয়, তার চেয়েও বেশি করে সমাজে বিজ্ঞানভিত্তিক মনোভাবের বিস্তার ঘটাতে কাজ করেছেন। বিশেষ করে ডুয়ার্সের বিভিন্ন চা বাগান অধ্যুষিত অঞ্চলে তিনি গিয়ে কুসংস্কার দূরীকরণ ও স্বাস্থ্য শিক্ষার নানা কার্যক্রম পরিচালনা করেছেন।

এই চিকিৎসক দিবসে আমরা সম্মান জানাই সেই সব ডাক্তারদের, যাঁরা নীরবে-নিভৃতে সমাজ গড়ার দায়িত্ব নিয়ে এগিয়ে চলেছেন। ডাঃ পার্থপ্রতিম তেমনই এক মানুষ, যাঁর পরিশ্রম, মানবিকতা ও বিজ্ঞানমনস্ক উদ্যোগ আজকের সমাজের আলোকবর্তিকা।

খবরের ঘন্টা গর্বিত এই সংবর্ধনা দিতে পেরে। আমরা আশা করি, আগামী দিনেও তিনি সমাজে মানবিক চেতনার আলো ছড়িয়ে যাবেন।

ওষুধের দোকান থেকে মানুষের হৃদয়ে-- সমাজসেবায় এক জীবন লায়ন সুরেশ সিনহলের

নিজস্ব প্রতিবেদন ঃ ১৯৭৪ সালে মাত্র ১৭ বছর বয়সে তিনি কালিম্পংয়ে নিজেদের একটি ওষুধের দোকানে যুক্ত হয়ে পড়েন। ওষুধের দোকানে যুক্ত থাকতে থাকতেই তিনি বিভিন্ন অসহায় মানুষের পাশে দাঁড়াতেন। বিভিন্ন মানুষকে বিভিন্ন বিষয়ে সঠিক পরামর্শ দিতেন। এই করতে করতেই তিনি যুক্ত হয়ে পড়েন লায়ন্স ক্লাব অফ কালিম্পং এর সঙ্গে। এরপর ১৯৮৫ সালে তিনি শিলিগুড়ি চলে আসেন। শিলিগুড়িতে এসেও সেবার মনোভাব থেকে তিনি যুক্ত হয়ে পড়েন লায়ন্স ক্লাবের সঙ্গে। এরপর এক টানা লায়ন্স ক্লাবের সঙ্গে যুক্ত থেকে বিভিন্ন মানুষের জন্য সেবামূলক কাজ করে গিয়েছেন। আজ ৬৮ বছর বয়সে পৌঁছেও সেবামূলক কাজ থেকে পিছিয়ে আসেননি। এখনো সেবামূলক কাজের জন্য তিনি একজন তরুনের মতো এদিক ওদিক দৌড়ে বেড়ান। এখন তিনি লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল এর পাস্ট গভর্নর এবং গ্রেটার লায়ন্স আই হাসপাতালের চেয়ারম্যান। সেই বিশিষ্ট সমাজসেবী লায়ন সুরেশ সিনহল জানান, এখন আমাদের আগামী প্রজন্ম নিয়ে সকলকে চিন্তা করতে হবে। আগামী প্রজন্মের ছেলেমেয়েরা অনেকেই মাদক সেবন বা নেশায় আসক্ত হয়ে পড়ছে। তাদেরকে নেশা মুক্ত করতে সমস্ত অভিভাবককে চিন্তা করতে হবে। ছেলেমেয়েদের সামাজিক দায়বদ্ধতা শেখাতে হবে। তাদেরকে সংস্কার বা ঐতিহ্য এবং নৈতিক মূল্যবোধের শিক্ষা দিতে হবে। আগামী প্রজন্মের ছেলেমেয়েদের মূল স্রোতে না ফেরালে ভবিষ্যতের ভারত হয়ে উঠবে অন্ধকারময়।

জগন্নাথ দেবের পেটের যত্নে নিমপাতা ! শিলিগুড়ি ইসকনের রথযাত্রায় ঐতিহ্য ও ভক্তির ছোঁয়া

নিজস্ব প্রতিবেদন ঃ ২৭ জুন এবার রথ যাত্রা। প্রতিবছরের মতো এবারও শিলিগুড়ি ইসকন মন্দিরে পরম্পরা বা ঐতিহ্য মেনে রথযাত্রার অনুষ্ঠান হচ্ছে। এবার অবশ্য শিলিগুড়ি ইসকনের রথে জগন্নাথ দেবের মাসির বাড়ি গুন্ডিচা মন্দির ডাবগ্রাম সূর্যনগরের মাঠে হচ্ছে না। শিলিগুড়ি ইসকন মন্দির চত্বরে অবস্থিত অডিটোরিয়াম বা হল ঘরেই তৈরি হচ্ছে গুন্ডিচা মন্দির। সেখানেই সাত দিন ধরে জগন্নাথ বলরাম সুভদ্রাকে ছাপান্ন ভোগ দিয়ে সেবা করবেন মাসিরা। তার পাশাপাশি মাসির বাড়িতে সাতদিন ধরে চলবে আধ্যাত্মিক অনুষ্ঠান, জগন্নাথ দেবের লীলা কথা, প্রসাদ বিতরন। তবে ছাপ্পান্ন ভোগের মধ্যে এবারও জগন্নাথ দেবের জন্য মাসির বাড়িতে নিম পাতা বাটা ভোগ হিসাবে নিবেদন করা হবে।

কিন্তু ভগবান জগন্নাথ দেবকে হঠাৎ নিম পাতা বাটা কেন? মাসির বাড়িতে ভগবান সাতদিনের জন্য আসবেন, তিনি সব ভালো ভালো সেবা গ্রহন করবেন। কিন্তু নিমপাতা কেন?

বিষয়টির আধ্যাত্মিক ব্যাখা দিতে গিয়ে শিলিগুড়ি ইসকন মন্দিরের সভাপতি স্বামী অখিলাত্মাপ্রিয় দাস একটি পৌরানিক কাহিনী ব্যাখা করেন। মন্দির সভাপতি বলেন, ভগবান হলেন ভক্ত বৎসল। যে যেভাবে ভগবানকে আরাধনা করেন ভগবান সেই রুপে তাঁকে ধরা দেন। তবে ভগবান হলেন অর্ন্তযামী, কার মন শুদ্ধ, কার মন অশুদ্ধ, ভগবান সব জানেন। এরকম একটি বাৎসল্য রসের ঘটনা হলো, পুরীতে এক বৃদ্ধা দিনরাত জগন্নাথ দেবের উপাসনা করতেন। সেই বৃদ্ধা ভক্ত জগন্নাথ দেবকে নিজের পুত্র রুপে কল্পনা করে সেবা করতেন। একবার হলো কি, সেই বৃদ্ধা মা চিন্তা করলেন জগন্নাথ দেব মাসির বাড়ি এলে ৫৬ রকম ভোগ গ্রহন করছেন। ৫৬ রকম ভোগ গ্রহনের ফলে জগন্নাথ দেবের পেটের গোলমাল হতে পারে, এমন চিন্তা করে সেই বৃদ্ধা মহিলা নিম পাতা বাটা নিয়ে পুরীর জগন্নাথ মন্দিরের উদ্দেশ্যে রওনা দিলেন। কিন্তু মন্দিরের রক্ষী সেই বৃদ্ধাকে পাগল ইত্যাদি সম্বোধন করে অপমান করে তাড়িয়ে দিলেন। মন্দিরে প্রবেশ করতে দিলেন না। বৃদ্ধা মনের দুঃখে বাড়ি ফিরে এলেন। রাতে জগন্নাথ দেব তাকে দেখা দিলেন। জগন্নাথ দেব সেই বৃদ্ধা মাকে সম্বোধন করে বললেন, ‘ ৫৬ ভোগ খেতে খেতে আমার পেটের গোলমাল হচ্ছে। আমি একটু নিমপাতা বাটা খেতে চাই। ” খোদ জগন্নাথ দেবের সেই ইচ্ছে শুনে সেই বৃদ্ধা মা রাতেই ব্যস্ত হয়ে পড়লেন নিম পাতা বাটা তৈরি করতে। কিন্তু ততক্ষনে জগন্নাথ দেব সেখান থেকে অন্তর্লীন হয়ে গেলেন। অপরদিকে সেই রাতেই জগন্নাথ দেব পুরীর রাজাকেও দেখা দিলেন। পুরীর রাজাকে জগন্নাথ দেব দেখা দিয়ে বললেন ,‘ ‘ আমার বৃদ্ধা মা আমার ভক্ত। আমার জন্য পুরীর মন্দিরে নিম পাতা বাটা নিয়ে প্রবেশ করতে চেয়েছিলেন।কিন্তু কেন তাকে মন্দিরে প্রবেশ করতে দেওয়া হয়নি? কেন তাকে অপমান করে তাড়িয়ে দেওয়া হয়েছে? ” এর পরদিন পুরীর রাজা নিজে দল বল নিয়ে সেই বৃদ্ধার বাড়িতে উপস্থিত হয়ে তাঁকে নিমপাতা বাটা নিয়ে পুরীর জগন্নাথ মন্দিরে উপস্থিত হওয়ার পরামর্শ দেন। আর সেই রক্ষী যে আগের দিন অপমান করেছিলেন তাকেও বকুনি দেন। সেই রক্ষী তখন তার কৃতকর্মের জন্য ক্ষমা প্রার্থনা করেন।

ইসকন মহারাজ এই ঐতিহাসিক কাহিনী শুনিয়ে উল্লেখ করেন, পুরীর সেই নিয়ম মেনে তাঁরাও ৫৬ ভোগের সঙ্গে জগন্নাথ দেবকে নিমপাতা বাটা দিয়ে ভোগ নিবেদন করবেন।

একই সঙ্গে ইসকন মহারাজ আরও বলেন, শিলিগুড়ি ইসকনের রথের দড়ি যাতে বহু ভক্ত স্পর্শ করতে পারেন তারজন্য ৫০ হাজার টাকা খরচ করে তাঁরা মোটা দড়ি কিনে এনেছেন। এককেটি রথে ৭০ ফুট করে দড়ি থাকবে। যাঁরা রথে জগন্নাথ দেবকে দর্শন করবেন এবং জগন্নাথ দেবের রথের দড়ি স্পর্শ করবেন তাঁরা পুন্য অর্জন করবেন। তাদের আর পুর্নজন্ম হবে না।

৭৩ বছর বয়সেও রাতভর রোগী দেখেন তিনি, হাজারো মায়ের আস্থার নাম ডাঃ জি বি দাস

নিজস্ব প্রতিবেদন ঃ ১৯৫২ সালে তাঁর জন্ম ওড়িশার কেওনঝড়ে। সেই হিসাবে এখন তাঁর বয়স ৭৩ বছর। কিন্তু এই ৭৩ বছরে পৌঁছেও এখনও রোগী দেখতে দেখতে রাত ভোর হয়ে যায়। উত্তরবঙ্গের দূরদূরান্ত থেকে সন্তান সম্ভবা মায়েরা বা স্ত্রী রোগের বিভিন্ন জটিল সমস্যায় ভুগতে থাকা মায়েরা তাঁকে দেখানোর জন্য পাঁচ মাস ছয় মাস ধরে নাম লিখিয়ে বসে থাকেন। তিনি একেকটি রোগী দেখেন খুঁটিয়ে খুঁটিয়ে , রোগীর বিভিন্ন মেডিক্যাল টেস্ট রিপোর্ট খুঁটিয়ে খুঁটিয়ে পরীক্ষা করেন। ফলে একেকজন রোগী দেখতে অনেক সময় এক ঘন্টা অতিক্রম করে যায়। এভাবে রাত আটটার পর থেকে রোগী দেখতে শুরু করে যখন পাঁচ ছটি রোগী দেখেন তিনি, ঘড়িতে চারটে বাজে। ফলে রোগীর লাইন লম্বা হয় আর রোগীরাও ধৈর্য্য ধরে অপেক্ষা করেন, একবার ডাক্তার জি বি দাসকে দেখাতে হবে।

ডাক্তার জি বি দাস। পুরো নাম গোষ্ঠ বিহারী দাস। ভাইয়ের নাম ডাক্তার বিজি দাস(অর্থোপেডিক সার্জন।)বাবার নাম প্রয়াত ডাক্তার নিকুঞ্জ বিহারী দাস। শৈশবে তিনি তার বাবাকে দেখেছেন ২ টাকা ভিজিটে সাইকেল চালিয়ে গ্রামে গ্রামে রোগী দেখতে ছুটছেন। পরিবারে একটি ডাক্তারি পরিমন্ডলও ছিলো। তখনকার সময়ে ডাক্তার, ইঞ্জিনীয়ার অথবা অধ্যাপক এই ছিলো সন্মানীয় পেশা বেছে নেওয়ার অপশন। এখনকার মতো এতো কম্পিউটার, সফটওয়্যার আই টি প্রযুক্তি ছিলো না। ফলে ডাক্তার হওয়ার পথেই তাঁকে হাটতে হয়। যদিও ডাক্তারি নিয়ে পড়াশোনা শুরুর মুহুর্তে একবছর এগ্রিকালচাল ইঞ্জিনীয়ারিং নিয়ে পড়াশোনা করেছেন। চিকিৎসা বিজ্ঞানে পড়াশোনায় পা রাখতে শুরু করেন ১৯৬৯ সালে। ডাক্তারি পড়ার পাঠ শেষ করে উত্তরবঙ্গের মাটিতে তাঁর পা রাখা ১৯৮০ সালের মার্চ মাসে, প্রথম ময়নাগুড়ি হাসপাতাল। সেখান থেকে ১৯৮১ সালে শিলিগুড়ি জেলা হাসপাতাল। ১৯৯১ সাল পর্যন্ত শিলিগুড়ি জেলা হাসপাতালে চাকরি করে চাকরি থেতে ইস্তফা দিয়ে নিজেই তৈরি করেন নার্সিং হোম। নিউ রামকৃষ্ণ সেবা সদন। প্রথমে শিলিগুড়ি বিধান রোড, তারপর আশ্রমপাড়া পাকুড়তলা মোড়। দিনরাত পরিশ্রম করেছেন রোগী দেখার পিছনে। মন দিয়ে রোগীর যত্ন নিয়েছেন। ফলে এই ৭৩ বছর বয়সেও রোগী সাধারনের মধ্যে তাঁর জনপ্রিয়তা তুঙ্গে।

রোগী দেখা, ওটিতে প্রসব করানো এই করতে করতেই কখন তাঁর সময় পেরিয়ে যায় তা তিনি টেরও পান না। নতুন নতুন সব শিশুকে তাঁর হাতে পৃথিবীর আলো দেখানোতেই তিনি মনে করেন তাঁর যোগ সাধনা।

এতো চাপ নিয়ে একটু স্ট্রেস হয় বইকি কিন্তু স্ট্রেস রিলিজ করানোর জন্য আর দশজনের মতো বন্ধু বান্ধবের সঙ্গে আড্ডা দেওয়ার সময় নেই। বড় জোর কখনো চিকিৎসা বিষয়ক কোনো বই পড়েন। তা না হলে রোগী দেখার অতিরিক্ত চাপ রিলিজ করে নেন রোগী দেখেই। এ সত্যি এক ব্যতিক্রমী যোগ।

২১শে জুন বিশ্ব যোগ দিবসের সময় তিনি বলেন, প্রতিদিন যেসব শিশু ভূমিষ্ঠ হয় তাঁর হাত ধরে বা যেসব শিশু পৃথিবীর আলো দেখে , পৃথিবীর সঙ্গে জীবনের নতুন যোগ ঘটায় তাতেই তার মনে আনন্দ আসে।

দিনকে দিন বিজ্ঞান প্রযুক্তির দৌলতে চিকিৎসা বিজ্ঞানেও ব্যাপক উন্নতি ঘটছে। স্ত্রী রোগ চিকিৎসাও তার বাইরে নয়। তিনি বলেন, চিকিৎসা বিজ্ঞানের যেসব পড়াশোনা করেছি সব ভুলে যেতে হয়েছে। কেননা প্রতিদিন নতুন নতুন প্রযুক্তি আসছে। আর তার সঙ্গে খাপ খাইয়ে নিজেকে তৈরি করে নিতে হচ্ছে। পেট কেটে আগে অনেক প্রসব হোত, এখন তা প্রায় বদলে গিয়েছে। চলে এসেছে সিজারিয়ান ডেলিভারি। আলট্রাসাউন্ড মেশিন, ল্যাপারোস্কপিক মেশিন আসাতে স্ত্রী রোগ চিকিৎসায় যুগান্তকারী পরিবর্তন এসেছে। এখন আসছে এ আই। তবে এ আই এর সাহায্যে আগামীতে সিজারিয়ান ডেলিভারি সম্ভব হবে কিনা তা সময়ই বলবে। যদিও স্ত্রী রোগ চিকিৎয়া এ আই বেশ সহযোগী হিসেবে কাজ করছে বলে এই অভিজ্ঞ স্ত্রী রোগ বিশেষজ্ঞ জানান।

চিকিৎসক চাই !

অশোক পাল
(ফুলবাগান, মুর্শিদাবাদ)

আরও খান কতক আলোয় ভরা পৃথিবী
রেখে যেতে চাই অনাগত কালের কাছে
নাহলে, প্রশ্ন তুলবে
ভাবীকাল ক্ষমা করবে না! প্রশ্ন করবে
এ কেমন পৃথিবী ছেড়ে পালিয়ে এসেছো?
এমন পৃথিবীর স্বপ্ন দেখি
যেখানে ভালোবাসা নিজের খেয়ালে
ইচ্ছে মতো প্রেমের গল্প লিখবে!
অযাচিতভাবে এসে যেন কেউ না
বলে---
প্রশ্নহীন আনুগত্যের হুঙ্কার
পাখিদের নীড় যেন অক্ষত থাকে
ঝোপঝাড় গাছগাছালিও আনন্দ গান গায়
নির্ভয়ে যেন ঘরে ফিরতে পারে!
এ পৃথিবীটা আরও সুস্থ সুন্দর হতে পারতো
আরও মানবিক সহনশীল বিবেকবান
মানুষের আবাসস্থল
অথচ চারপাশে বারুদের গন্ধ
যুদ্ধ যুদ্ধ খেলায় সবুজ ধ্বংস
একপক্ষ জিতে যায় কিন্তু ক্ষত থেকে যায়
এত সুন্দর মানুষের মনে কোন অন্ধকারে
এত হিংসা লুকিয়ে থাকে?এত ভয়ংকর?
একজন নয় বহু চিকিৎসক চাই
পৃথিবীর এ প্রান্ত থেকে অন্য প্রান্তে!

রথযাত্রা উপলক্ষ্যে শিলিগুড়ি শক্তিগড় কেশব গোস্বামী মঠে ভক্তিমূলক কর্মসূচি

২৭ জুন পবিত্র রথযাত্রা উৎসব। শিলিগুড়ির শক্তিগড় এলাকায় অবস্থিত কেশব গোস্বামী গৌড়ীয় মঠ এই দিনকে ঘিরে গ্রহন করেছে একাধিক ভক্তিমূলক কর্মসূচি। থাকছে নাম সংকীর্ত্তন, ধর্মীয় আলোচনা, প্রসাদ বিতরন এবং রথ টানার আয়োজন।

এই উপলক্ষ্যে মঠের মঠাধ্যক্ষ মাধব মহারাজ বলেন, “ রথযাত্রা কেবলমাত্র এক উৎসব নয়, এটি এক আধ্যাত্মিক যাত্রা । ভগবান জগন্নাথ, বলরাম ও সুভদ্রার রথে আরোহন আমাদের মনে করিয়ে দেয় যে, ঈশ্বর স্বয়ং ভক্তদের মাঝে আসেন, তাঁদের টানে নিজে বেরিয়ে পড়েন রাজপথে। এই রথযাত্রা হলো আত্ম সমর্পন ও পরম স্নেহের প্রতীক।

এই যাত্রার মধ্যে দিয়ে আমরা শিখি--ভগবানের সঙ্গে সম্পর্ক একটি জীবন্ত যোগ। যিনি নিজের অন্তরে ভক্তি ও প্রেমের স্থান দেন, তাঁর হৃদয়ই হয়ে ওঠে ভগবানের রথ।

শক্তিগড় গৌড়ীয় মঠে এ বছর এই পবিত্র রথ যাত্রা উপলক্ষ্যে মঠ কর্তৃপক্ষ সর্বস্তরের মানুষের জন্য দ্বার খুলে দিচ্ছে-- আসুন রথ টানুন, নামগান করুন, প্রসাদ গ্রহন করুন আর অন্তরের রথে তুলে নিন ভগবানকে। সবার জীবনে শান্তি, কল্যান ও ভক্তির আলো ছড়িয়ে পড়ুক , এই কামনা করেছেন মাধব মহারাজ।

শক্তিগড়ের এই গৌড়ীয় মঠ বহু দিন ধরেই শিলিগুড়ি শহরের ধর্মীয় ও আধ্যাত্মিক পরিমন্ডলে এক উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। এ বছরের রথযাত্রা আয়োজনেও তার ব্যতিক্রম হবে না, মনে করছেন স্থানীয় ভক্তরা।